বেতার জগৎ

১৬—২৮ ফেব্রুয়ারী ১৯৭৫



পত্রিকাটি ধুলোখেলায় প্রকাশের জন্য

হার্ড কপি ঃ সুজিত কুণ্ডু

স্ক্যান ঃ ইলা কুণ্ডু

এডিট ঃ সুজিত কুণ্ডু

একটি আবেদন

আপনাদের কাছে যদি এরকমই কোনো পুরানো আকর্ষণীয় পত্রিকা থাকে এবং আপনিও যদি আমাদের মতো এই মহান অভিযানের শরীক হতে চান, অনুগ্রহ করে নিচে দেওয়া ই -মেইল মারফত যোগাযোগ করুন।

e-mail: optifmcybertron@gmail.com; dhulokhela@gmail.com









আকাশবাণী কলকাতা

শিল্পী-পরিচিতি

উপরে : বামে : **গোরাচাঁদ মুখোপাধ্যায়** : শিল্পী পরিবেশন করেন আধুনিক, ভজন ও শ্যামাসংগীত।

ডাইনে : **ভি. বালসারা** : সুরকার ও যন্ত্রসংগীতশিল্পী।

মাঝে : বামে : **অমরনাথ গঙ্গোপাধ্যায়** : শিল্পীর কণ্ঠে শোনা যায় আধুনিক, নজরুলগীতি ও রবীন্দ্রসংগীত।

ডাইনে : **দিলীপ চক্রবর্তী** : পরিবেশন করেন আধুনিক, রামপ্রসাদী ও নজরুলগীতি।

নীচে : **প্রহ্লাদ ব্রহ্মচারী** : লোকগীতিশিল্পী।

বেতার জগৎ

৪৬ বর্ষ, ৪ সংখ্যা : 46th Year, Vol. 4

৭ ফেব্রুয়ারী, ১৯৭৫ : ১৮ মাঘ, ১৮৯৬ শকাব্দ

7 February. 1975   18 Magh, 1896 Saka

মুক্তিযুদ্ধে মহিলা—রত্নগর্ভা চুন্নুকুমারী

ঊষারাণী সান্যাল

চুন্নুকুমারী

মুর্শিদাবাদ জেলার জিয়াগঞ্জ। সওদাগরি গদির কর্মচারী বালকিষণ পান্ডে দেহ রাখলেন ১৯২৯ সালে। ছয় পুত্র এবং এক কন্যার ভার পড়ল সদ্যোবিধবা এক নারীর ওপর। বাইরের জগতের সংগে যোগাযোগ প্রায় নেই তবু কেমন করে যেন তৎকালীন কংগ্রেসী নেতাদের বক্তব্য তাঁর কানে গিয়ে পৌঁছল। জগদানন্দ বাজপেয়ী, ভুজং সিং লোড়া, দুর্গাপদ সিংহ, শশাঙ্কশেখর সান্যাল প্রভৃতির প্রভাবে প্রভাবান্বিতা হলেন তিনি, যোগ দিতে শুরু করলেন ১৯২১ সালের অসহযোগ আন্দোলনের বিভিন্ন সভা-সমিতিতে। ১৯৩০-৩১ সালে, অসহযোগ আন্দোলন যখন বেশ দানা বেঁধে উঠেছে, এই নারী—বালকিষণ পান্ডের বিধবা স্ত্রী চুন্নুকুমারী তখন জিয়াগঞ্জ কংগ্রেসের সর্বাধিনায়িকা।

তখন দেশ জুড়ে গোলযোগ। মৃণাল দেবী গ্রেপ্তার হলেন। জেলের মধ্যে তাঁর বিচার শেষ হলো। বহরমপুর সহরে আমার শাশুড়ী স্বর্গীয়া কালীদাসী দেবী সরকারী নিষেধ অমান্য করে সহস্রাধিক জনতার সম্মুখে দাঁড়িয়ে গ্রেপ্তার বরণ করলেন। থানায় নিয়ে গিয়ে তাঁদের মুক্তি দেওয়া হলো। তাঁর পুত্র শ্রীশশাঙ্কশেখর সান্যাল তখন বহরমপুরের অধিনায়ক হিসেবে গ্রেপ্তারের অপেক্ষায়। আমরা বাড়ি বসেই শুনছি, জিয়াগঞ্জের চুন্নুকুমারী গ্রেপ্তার হচ্ছেন বা হবেন। তাঁর পাশে প্রসিদ্ধা মহিলা কর্মী কিরণকুমারী ও সুনীতি শেঠিয়া সহ ১২৫ জন যুবতী ও বালিকা গ্রেপ্তারের জন্য প্রস্তুত। ইংরেজ পুলিশ সাহেব হিসেব করে বুঝলেন রোগের থেকে চিকিৎসা সংকট তখন বেশী তাই বহরমপুর বা জেলা থেকে কোন মহিলাকে তিনি বিচারের জন্য পাঠালেন না।

১৯৪২ সাল। দেশের লোক না খেয়ে মরছে, অথচ জিয়াগঞ্জের ভাগীরথী নদীতে তখন ভাসছে চাল বোঝাই নৌকো—বোঝাই হবে বণিকদের গুদামে। চুন্নুকুমারীর ঘরে গোপন বৈঠকে সর্ব সম্প্রদায়ের মিলিত মেয়েরা সেই কথাই আলোচনা করছেন। হঠাৎ একদিন একদল কংগ্রেসী যুবা—যাঁরা জেল এড়িয়ে গা ঢাকা দিয়ে 'ভারত ছাড়ো' আন্দোলনকে গোপন পথে চালাচ্ছিলেন—মাঝি-মাল্লাদের নিয়ে ঝাঁপিয়ে পড়লেন নৌকোর ওপর। চাল লুঠ করে গরীবদের মাঝে বিলিয়ে দিলেন।

মোকদ্দমা শুরু হলো। চুন্নুকুমারীর এক পুত্র বিমান পান্ডে, অধুনা মৃত প্রখ্যাত কুমার সিং এবং মাঝি-মাল্লারা জিয়াগঞ্জ ও লালবাগ থেকে বহিষ্কৃত হলেন। কিন্তু যাবেন কোথায়? সম্ভবতঃ চুন্নুকুমারীরই নির্দেশে এঁরা উঠলেন এসে আমাদের বহরমপুরের বাসায়। পুরো বাড়িটা তখন বন্দী-শিবির। রান্নার চাল ডাল আটা ঘি প্রভৃতি সংগৃহীত হতো চুন্নুকুমারী এবং জৈনদের পৃষ্ঠপোষকতায়। রান্নার অন্যান্য সামগ্রী এবং শারীরিক পরিশ্রম আমার। আমার স্বামী তখন রাজবন্দী। শ্বশুর মৃত্যুশয্যায়। চার কন্যা, পুত্র ও ভাগ্নে-ভাগ্নেবৌ নিয়ে তখন আমার জমজমাট সংসার—তার আবার পৃথক রান্না। অর্থ সমস্যাও আছে। বিধানসভার সদস্য বন্দী স্বামীর মাস মাইনে ১৫০ টাকার অর্ধেক যায় পার্টি তহবিলে। বাকি অর্ধেক অর্থাৎ ৭৫ টাকার সংগে ভাগ্নে তরুণ উকিল মঙ্গলময় মৈত্রের সীমিত আয় মিলিয়ে কোনক্রমে চলছে। জমিজমা থেকে যে সামান্য উপার্জন—তখন তা-ও বন্ধ।

এ সময়ে চুন্নুকুমারী উত্তম পরোটা সংগে নিয়ে প্রায়ই আসতেন আমাদের বাসায় ছেলেদের সংগে দেখা করতে। প্রতিটি কথা স্পষ্ট, পরিষ্কার, আত্মপ্রত্যয়ে ভরপুর। কোন উদ্বেগ নেই, নেই কোন অভাবের প্রকাশ। বলতেন, তোমার স্বামী যখন এইসব ছেলেমেয়ে ছেড়ে জেলে থাকতে পারেন, তখন আমার ছেলেরা পারবে না কেন? জানতাম, এই আদর্শেই তিনি ছেলেমেয়েদের তৈরি করেছেন।

হয়তো তাঁরই প্রেরণায় ১৯৪৩ সালের ২৬শে জানুয়ারী জেলে যাবার জন্যে ঘরের বাইরে এলাম। মোটামুটিভাবে স্থানীয় কংগ্রেস নেতারা তখন জেলে। যাঁরা বাইরে আছেন তাঁরাও আছেন গা ঢাকা দিয়ে। তাঁদের ধরা দিলে চলবে না, সব কাজ বন্ধ হয়ে যাবে। আমাদের বাড়ি পুলিস গুপ্তচরে ঘেরা। তাঁদের চোখ এড়িয়ে আগের রাতে এসে বললেন ২৬শে জানুয়ারী শপথবাক্য পাঠ ও কংগ্রেসী পতাকা উত্তোলনের জন্য লোক পাওয়া যাচ্ছে না। সরকার বিরোধী এই কাজ করলে বন্দীত্ব নিশ্চিত। যে কয়জন এখনো জেলের বাইরে আছেন তাঁদের বাইরে থাকতেই হবে। তাহলে......।

বললাম, আমি নেব দায়িত্ব। শ্বশুর দেহ রেখেছেন, স্বামী বন্দী, এ দায়িত্ব আমারই। ছেলেমেয়েরা নিজেরাই নিজেদের দেখবে।

বিকালে কংগ্রেসী ময়দানে সমাবেশ। পোষাকধারী এবং ছদ্মবেশী পুলিস গিজগিজ করছে। তবু অনুষ্ঠান নির্বিঘ্নে এগিয়ে চললো। আমার ভাষণে বললাম, বিদেশী শক্তিকে সরাবার জন্য, দরকার হলে, বিদেশী শক্তির সাহায্য নিতে হবে। তবুও আমাকে গ্রেপ্তার করা হলো না।

এদিকে সাহস ও সান্ত্বনার মূর্তিময়ী প্রকাশ চুন্নুকুমারীর যাতায়াত আগের মতই। ছয় ছেলে, যথাক্রমে কানাইলাল পান্ডে, কালীপ্রসাদ পান্ডে, কিশোরীলাল পান্ডে, কমল পান্ডে, বিমল পান্ডে ও কার্তিকচন্দ্র পান্ডে এবং একমাত্র জামাই লালচাঁদ পান্ডেকে হাতে ধরে ধরে তিনি জেলে পাঠিয়েছেন হাসিমুখে। পাইকেরী জরিমানার দায়ে তাঁর ঘরদোর আসবাবপত্র বারবার তচনচ করা হয়েছে। জামাই লালচাঁদকে নির্বাসিত করা হয়েছে বাংলা থেকে রাজস্থানে। তবু কারু কাছে বিপদের কথা বলেন নি কোনদিন। পুলিস বাড়ি চড়াও করতে এলেই সদর দরজা খুলে দিয়ে পুলিসকে অভ্যর্থনা করেছেন তিনি। প্রসন্ন ঔদার্যে মোকাবিলা করেছেন সমস্ত পরিস্থিতির, আশ্চর্য দৃঢ়তায়। বরং পুত্র কানাইলালের এক

(শেষাংশ ১৬১ পৃষ্ঠায়)

॥ অন্যান্য পৃষ্ঠায় ॥

সরস্বতীকে খোলা চিঠি
—সুনীলকুমার মুখোপাধ্যায় ১৩০
অরণ্যের অধিকার (ধারাবাহিক উপন্যাস)—মহাশ্বেতা দেবী ১৩০
ক্রীড়াঙ্গন থেকে
—মাণিকলাল দাশ ১৬১
চিত্রমঞ্চে
—শোভন পাঠক ১৬৩
হত্যা-তদন্তে নতুন পদ্ধতি
—অঞ্জলি ভদ্র ১৬৫
স্মৃতি বিস্মৃতি (কবিতা)
—গোপাল ভৌমিক ১৬৫

প্রচ্ছদ :

"যা হবার হবে সে কথা ভাবি না,
মা গো, একবার ঝঙ্কারো বীণা,
ধরহ রাগিনী বিশ্বপ্লাবিনী
অমৃত-উৎসধারা।"—রবীন্দ্রনাথ

ছবি—শেখর তরফদার

সরস্বতীকে খোলা চিঠি

শ্রীশ্রীসরস্বতী দেবী মহোদয়াসু,

পুরুষানুক্রমে শুনিয়া আসিতেছি যে, আপনি স্বর্গ-মর্ত্য-পাতালের বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী—এই বিভাগে আপনার উপর কথা কহিবার কেহ নাই। আমরা সেইভাবেই আপনাকে মানিয়া আসিয়াছি। সরস্বতী পুজোর আগে কখনও কুল খাই নাই, রাস্তার ছেঁড়া কাগজে পা লাগিয়া গেলে অপরাধবোধে জর্জরিত হইয়াছি। বই-এ পা ঠেকিয়া গেলে আপনার উদ্দেশে সহস্রবার প্রণাম জানাইয়াছি। পড়াশুনায় অবহেলা ঘটিলেই ভীত হইয়াছি—আপনি ক্রুদ্ধ হইবেন ভাবিয়া। আমাদের সহপাঠীরা যাহারা আপনাকে অবজ্ঞা করিত, ফেল করাইয়া আপনি তাহাদের উপযুক্ত শাস্তি বিধান করিতেন।

আর এখন কি হইতেছে? আপনি কি চক্ষু-কর্ণ বন্ধ করিয়া বসিয়া আছেন? আপনার সে তেজ ও শক্তি কি অপসৃত, না আমরা মিথ্যাই আপনাকে ভয় করিয়া আসিয়াছি?

এখনকার ছেলেমেয়েরা আপনাকে মোটেই গ্রাহ্য করিতেছে না, বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখাইতেছে। বর্তমানে ইহারা লেখাপড়াকে গৌণকর্মেরও নীচে স্থান দিয়াছে, রূপসজ্জাকে সর্বাগ্রে স্থান দিতেছে। আপনি লক্ষ্য করিলেই দেখিতে পাইবেন, ছেলেরা মেয়েদের মত সাজিতে এবং মেয়েরা ছেলেদের পোশাক পরিতে সবিশেষ আগ্রহী। ইহারা বাবা-মাকে নিষ্পেষণ করিয়া দামী দামী পোশাক-আসাক সংগ্রহ করিতেছে। একে তো ছেলেরা জাতীয় পোশাক চেনে না, তাহার উপর মেয়েলি ছিটের প্যান্ট-সার্ট বানাইয়া, কখনো সর্বাঙ্গে অসংখ্য বোতাম বসাইয়া বোতামের ফিরিওলা সাজিতেছে, নয়ত, জেলখানার উঁচু পাঁচিলের মত অথবা পাটনাই ছাগলের কর্ণ-সদৃশ কলার বানাইয়া বিচরণ করিতেছে। ইহারা হতভাগ্য বাবা-কাকা-মামার মত হইতে চাহে না, অমুককুমার তমুক খান্না হইবার সাধনায় বরং তাহারা উহাদের পরিত্যাগ করিতেও প্রস্তুত। তাহাদের মুখে অনর্গল খিস্তি। ফুলবাগান খোঁড়া খোন্তার মত দুই পাশে দুই জুল্ফি ঝুলাইয়া এবং আদিম মানুষের মত একমাথা রুক্ষ চুল, কখনও বা দাড়ি রাখিয়া অধিকাংশ ছেলেই কাকতাড়ুয়া বনিতেছে। ওদিকে কুড়ি-বাইশ টাকার নারিকেল তৈল খরচা ও নাপিতের পয়সা বাঁচিতেছে বলিয়া পিতামাতারাও পরমানন্দ।

অপর দিকে, আপনার ভ্রাতা শ্রীশ্রীগণেশ দেবের পোয়াবারো। কেননা পাড়ায়, অলিতে গলিতে অন্ততঃ মাথা-পিছু একটি করিয়া বিড়ি-সিগারেটের দোকান গজাইয়া উঠিয়াছে এবং উঠিতেছে। এগুলি কাহাদের কৃপায় দ্রুত উন্নতিলাভ করিতেছে? বড়রা তো খরচের ধাক্কায় ধূমপান শুধু কমাইয়াই নয়, অনেকে ছাড়িয়াই দিতেছেন। আশপাশের সিনেমা হলগুলি কাহাদের ভরসায় তিনটি, কোথাও কোথাও বা চারিটি শো চালাইতেছে? 'এ'-মার্কা ছবিগুলি কাহাদের জন্য লক্ষ লক্ষ টাকা ঘরে তুলিতেছে? সুতরাং, ছেলে-মেয়েদের লেখাপড়ার সময় কোথায়? তাছাড়া একই বই রোজ রোজ পড়িতে ভাল লাগে না বলিয়া বিভিন্ন নিষিদ্ধ পুস্তকে ইহাদের অগাধ রুচি ও আগ্রহ। এইসব পুস্তকের উপর পরীক্ষা লইবার ব্যবস্থা করিয়া দেখুন, আপনাকে হয়ত তৃতীয় ও দ্বিতীয় বিভাগ তুলিয়াই দিতে হইবে, কেননা সকলেই প্রথম বিভাগে সসম্মানে উত্তীর্ণ হইয়া যাইবে।

যথাসময়ে বাড়ি হইতে পরিপাটিরূপে স্নানাহার সমাপন করিয়া, উত্তমরূপে ধোপদুরস্ত পোশাক ইত্যাদি পরিধান করিয়া, বইপত্র, থুড়ি, একখানা বাঁধানো খাতা দুলাইয়া ইহারা স্কুল-কলেজের পথে বাহির হইয়া পড়ে। তারপর কে কোথায় যায় বা কি করে তাহা উপর হইতে আপনিও বোধহয় জানিতে পারেন না, উহাদের হতভাগ্য মা-বাবাদের কথা তো দূরের কথা। অভিভাবকেরা জানেন, স্কুলে দিয়াছি যখন, তখন নিশ্চিন্ত—বৎসরান্তে খোঁজ লইলেই চলিবে। আর খাতা-বই, নোটস্-সাজেসনস্, পেন-পেন্সিল, টিউটর ও হরেক রকমের জামা-প্যান্ট-শাড়ী যখন খাইয়া-না-খাইয়া যোগাড় করিয়া দিয়াছি, তখন আর ভাবনা কিসের? হায়রে! তাঁহারা যদি একটু সতর্ক হইয়া নিজেদের কষ্টার্জিত পয়সায় ক্রীত পুস্তকের পৃষ্ঠাগুলি উল্টাইয়া দেখিতেন, তাহা হইলে দেখিতে পাইতেন, বইগুলির উপর নিপুণ হস্তের অপারেশন হইয়াছে—অধিকাংশ পৃষ্ঠাই নাই, পরীক্ষা হল-এ চলিয়া গিয়াছে। এখন আবার অপারেশনেরও সময়াভাব, তাই গোটা বই-গুলিই পরীক্ষার হল-এ পরীক্ষার্থীর সহচর হিসাবে সঙ্গে থাকে।

পরীক্ষার হল-এ ইহাদের আচরণ লক্ষ্য করিয়া কখনো দেখিয়াছেন কি? সেখানে বেঞ্চগুলি নির্দিষ্ট দূরত্বে সাজাইয়া তাহাতে রোল-নম্বর অনুযায়ী সীটনম্বর মারা থাকে। পরীক্ষার প্রথমদিনেই একেবারে শুরুতে গিয়া দেখিতে পাইবেন, একটিও সীটনম্বর নাই এবং বেঞ্চগুলি সকলপ্রকার দূরত্ব ঘুচাইয়া একেবারে ঠাসাঠাসি করিয়া রহিয়াছে এবং পরীক্ষার্থীরা বন্ধুবান্ধব সহযোগে গলাগলি করিয়া পরীক্ষা দিতে বসিয়াছে। এই সময়ে তাহারা শত গরম বা নড়াচড়ার অসুবিধাকেও ভ্রূক্ষেপ করে না। শুধুমাত্র ইন্‌ভিজিলেটর একটু সরিয়া বসিতে বলিলেই উহারা একেবারে মহাভারত অশুদ্ধ করা বিরক্তিতে ফাটিয়া পড়ে। চাকরী-বাকরী নাই, চতুর্দিকে অনিশ্চয়তা, সুতরাং পড়াশুনা করিয়া কি হইবে?—এই যুক্তিতে পরীক্ষার্থীরা বেপরোয়া হইয়া যা-খুশী করিতেছে।

অভিভাবকেরা এসব বিষয়ে অবগত আছেন (না থাকিবেনই বা কেমন করিয়া?), কিন্তু তাঁহারা চোখ বুজিয়া থাকেন, আর ভাবেন, সারা বছরের খরচ যেন উঠিয়া আসে; যা-হোক করিয়া ছেলে বা মেয়ে যেন উৎরাইয়া যায়। ফেল করিলে তো রক্ষা নাই, যাহারা সোনার চাঁদকে ফেল করাইয়া দিয়াছে তাহাদের বাপান্ত করিয়া ছাড়েন। ইঁহাদের ছেলে কখনও ফেল করিতে পারে না, কেননা নির্ভুল পরীক্ষা দিয়াছিল এবং টোকাটুকি কাহাকে বলে তাহারা তাহা জানেই না। কিন্তু ছেলে যে পড়াশুনা না করিয়া, ডিপ্লোমা-ইন্-স্পোকেন-খিস্তি হইয়া, ধোঁয়া উড়াইয়া, হিন্দী সিনেমাকে বাঁচাইয়া রাখিয়াছে ইঁহারা তাহা জানিয়াও জানেন না।

[অবশ্যই সকল ছাত্র-ছাত্রীর ক্ষেত্রে এগুলি প্রযোজ্য নহে।]

হে মা সরস্বতী, আপনি আর নীরব, নিরাসক্ত থাকিবেন না—যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন। আপনি উহাদের শুভবুদ্ধি দিন।

আর আপনাকে বিরক্ত করিব না, এতক্ষণ ধরিয়া আপনার চোখের ঘুম ও মনের শান্তি নষ্ট করিয়াছি, অপরাধ লইবেন না। প্লীজ। আশা করি কৈলাসে আপনাদের সর্বাঙ্গীন কুশল। সভক্তি প্রণামান্তে, অলমিতি—

আপনার একান্ত অনুগত

সুনীলকুমার মুখোপাধ্যায়

অরণ্যের অধিকার

(ধারাবাহিক উপন্যাস)

মহাশ্বেতা দেবী

(পূর্বপ্রকাশিতের পর)

সালীর কথা জানতে চেয়েছিল পলুস প্রচারক। সালী ক্রীশ্চান হতে যায়নি। এখন শীতকাল। জঙ্গলে পাতা ঝরছে তো ঝরছেই। সারাদিন ঝরঝর-সরসর শব্দ শোনা যায়। জঙ্গলে বুনোকুল পেকেছে। কুল, পাকা আমলকী, করঞ্জা খেতে ভালুক আসে, হরিণ আসে। প্রাণ হাতে করে সালী কুল কুড়োচ্ছিল। এক ঝুড়ি কুল কুড়োলে দু-দিন খেয়ে বাঁচবে।

ভরত দারোগা একটু দূরে বসেছিল। সালীর ওপর নজর রেখে ও আজ ক'দিন ধরে সঙ্গে-সঙ্গে ঘুরছে। সালীর ওপর নজর রাখলে ধানীর খোঁজ মিলতে পারে। রাঁচি থেকে পালিয়ে এসে ধানী সালীর ঘরেই উঠেছিল। জেল খাটছিল। কয়েদীদের দিয়ে পাথর কেটে রাস্তা বানাবার কাজ করাতে নিয়ে গিয়েছিল জেল-দারোগা। ধানী সেখান থেকেই পালায়।

ভরত বলল, 'ধানীকে ধরা করালে তোর বিশ-পঁচিশ টাকা মিলত রে। ভুল করে বসলি।'

সালী সোজা হয়ে দাঁড়াল। পেটে সন্তানের ভার, শরীর শ্রান্ত, অবসন্ন। অবসন্ন গলায় বলল, 'কতবার বলেছি হে, কে, কি কিছু জানি নাই। আমি কি জানি ও বীরসাত হয়াছে? বুড়াটা, জল চাইল, জল দিলাম। খালভরা ছাগল-ঘিরা মাচানের উপর শুয়ে রইল। বিহানে পলাল। তা বাদে শুনি বুড়া ছিল বীরসাইতটা। জানলে তারে ঘরে ঢুকাই? পঁচিশ টাকা কি হে, এখন পঁচিশটা ঢেক পয়সা পেলে আমি বাঁচি। ধানীরে দেখলে আমি ওর পা ভেঙে দিব। তা বাদে তোমারে খবর দিব।'

—'বীরসাইতদের উপর রাগ কেন রে, ডোনকাটাও তো যেয়ে বীরসাইত হয়াছিল।'

—'হয় নাই আবার' ধান বিচে বীরসাইতদের খাওয়াচ্ছিল কত। কাপড় ফার্সা চাই, গায়ে হলুদ চাই, সে কত বাহানা। তা বাদে দেখ, মোর কোলে একটা, পেটে একটা। তুই বুড়াটা জেহেল গেলি। এখন আমার হাল কি বল? তোমরাও বা মানলে কই, মোর ঘর-সরাই ভেঙে সামান করে দিলে। আমার কি দোষ বল?'

—'তারে সামাল করিস নাই কেন?'

—'করলে সে শুনত! মুণ্ডা পুরুষদের জিদ কত, জান না? বলে কি,

ভগবান তোরে সব দিবে। এই যে সব দিয়াছে ভগবান। ঝড়্‌ড়িটা দিয়াছে, কুল টোকাই। বলোয়া দিয়াছে, ভালুক খেদা করি।'

—'কি শরীরটা কি হল তোর! তোর পারা রূপ কার আছে বল্।'

—'কপাল পুড়া যে, শরীর থাকে?'

—'তাই তো বলি।'

—'কপাল পুড়া না হলে বাপ ভেনকারে মানুকি দেখে বিয়া করাল? সে ছিল বুড়া, আমি তার নাতিনটার মত, না কি বল?'

—'তোরে কি বিয়া করবে বলেছিল বীরসা?'

—'না গো না! সে শঙ্করা গাঁয়ের পরমী। ধুরাই মুণ্ডার বোন। ধুরাই খুব বীরসাইত হয়াছিল। বীরসা বলেছিল বোনরে বিয়া করবে। বিয়া মনে নামে-নামে। স্ত্রী-পুরুষ হবে না উরা। দুজনে ভগবানের কাজ করবে।'

—'আরে! পরমীটা তো ঘুরে কনুর সাথে।'

—'কনুরে উর সেই কবে মনে ধরাছে।'

—'বীরসারে ধরে নাই?'

—'ধরলে কনুর সংগে ঘুরে?'

—'তবে?'

—'জানি না।'

—'তোর ছেলাটা?'

—'মার কাছে রেখে আসি। আমি মুণ্ডাদের ধান দিয়াছি, কোনোদিন ঘাটো খাই নাই। আজ আমার এ হাল সব ও বীরসা হতে। ওরে আমি দেখতে নারি। ও হতে মুণ্ডাদের এত দুঃখ।'

—'ভগবানরে বীরসা বলিস!'

—'সুগানার ছেলে বীরসা ভগবান! তবে পিঁপড়াটাও হাতি।'

সালী ঠোঁট উলটোল। তারপর ঝড়িটা নিল, বুরুডির পথ ধরল। ভরত পেছন-পেছন যেতে-যেতে বলল, 'আজ ফিরব না রে সালী! তোর গোহালে রইতে দিবি?'

—'দিব।'

কিছুক্ষণ দুজন নীরবে হাঁটল।

হঠাৎ পেট খামচে ধরল সালী। ফেলে দিল ঝড়িটা। যন্ত্রণায় ককিয়ে উঠল।

—'কি হল রে সালী?'

—'বুঝি সর্বনাশ হল। তুমি যাও দারোগা। এ সময়ে পুরুষ ছেলার রইতে নাই।'

—'তোরে ফেলে যাব?'

—'তুমি যেয়ে গ্রাম হতে মানি পাহানীকে ভেজে দাও গা। আর জানি কারেও বল না।'

—'তুই যে একা।'

—'উ এসে যাবে। ওষুধ দিবে, যাও গো! আর দেখ, বুরুডিতে কেও মানুষ নয়। এ আকালে সব জানোয়ার হয়াছে। হেথা তুমি থেক না। এখনো আকাশ রাঙা, তুমি চলে যাও লাতু গ্রামে। যাও গো!'

সালী ককিয়ে কেঁদে উঠল। ঘাবড়ে গিয়ে চলে গেল ভরত। ছুটতে শুরু করল।

ভরতকে যখন আর দেখা গেল না তখন সালী উঠে বসল। এক হাতে পেটকাপড় ধরে আরেক হাতে কুল খেতে লাগল।

মানি পাহানী ছুটতে ছুটতে এল। সালী উঠে দাঁড়াল। পেটকাপড় খুলে একবোঝা তীরের ফলা বের করল। বলল, 'আমার হাঁচড়-পাড়া ছেলাটা ধর্।'

মানি পাহানী ঝড়িতে তীরগুলো নিল। তীরের ওপর কুল ঢাকা দিল। সালী বলল, 'তুই যা। আমি ছুটে যেয়ে আরো তীর আনিগা।'

—'আবার যাবি?'

—'ধানী বসে আছে। তা বাদে পেটে তীর বেঁধে নিয়ে পেট দেখাতে হবে না? কালও পাছু ধরবে ও। কি যেন সন্দেহ করে, পাছু ছাড়ে না।'

—'তুই যা। ওরে ভয় ধরাছি খুব। বললাম আকালে সব খেপা-খেপ্ত হয়াছে। রাতেভিতে লুঠ করতে আসে। দারোগা দেখলে মেরে দিবে। মোরা ক'টা মেয়েছেলা আছি। তোমারে ঘর দিয়াছি জানলে মোদের মারবে গো! তা অমনি ডর খেয়ে চলে গেল।'

সালী ছুটে চলল। অন্ধকারে এ পথের সব অলি-গলি ওর চেনা। ছুটতে ছুটতে ও পথ ছেড়ে পাহাড়ের ঢাল বেয়ে নামল। ঢালের নীচে নালা। নালার গায়ে গুহা। গুহায় ঢুকে গেল ও কাঁটাঝোপের ঝাঁপ সরিয়ে।

—'কে এলি, সালী?'

—'হ্যাঁ, তীরের ফলা?'

—'এই যে!'

—'দাও। বেঁধে রেখেছ?'

—'হ্যাঁ।'

ধানীর হাতে বলোয়া সুন্দর চলে। বলোয়া আর চকমকি থাকলে ধানীর আর কিছু দরকার হয় না। বর্ষাকাল হলে ধানী জঙ্গলের ঝোপ কাটতে

বেতারে এই পক্ষ

অনুষ্ঠান পরিচয়

১৬—২৮ ফেব্রুয়ারী, ১৯৭৫

নাটক

এ পক্ষের প্রথম দিনটিতেই শোনা যাবে কালকূটের 'অমৃত কুম্ভের সন্ধানে' (প্রথম পর্ব); বেতাররূপ জ্যোতু বন্দ্যোপাধ্যায়, প্রযোজনা বিনতা রায়, দুপুর ২-৩০ মিনিটে—নাটকটির দ্বিতীয় পর্ব ২৩ ফেব্রুয়ারী, ঐ একই সময়ে। মীরা দেবীর 'চাকুরী রঙ্গ' গীতা গঙ্গোপাধ্যায়ের প্রযোজনায় শোনা যাবে ১৯ ফেব্রুয়ারীর 'মহিলামহল'-এ। লোকসংস্থার পরিবেশনায় নিমাইচাঁদ বন্দ্যোপাধ্যায়ের যাত্রা-নাটক 'জয়দ্রথবধ ঐদিনই 'বিচিত্রানুষ্ঠান'-এ। ২১ ফেব্রুয়ারী, রাত ৮টায় 'সেতার'; কাহিনী নরেন্দ্রনাথ মিত্র, বেতাররূপ ক্ষিতি মুখোপাধ্যায় এবং প্রযোজনা জগন্নাথ বসু। সৈয়দ মুস্তাফা সিরাজের 'বিপাশা' ২৭ ফেব্রুয়ারী, রাত ১০-১৫ মিনিটে; প্রযোজনা অজিত মুখোপাধ্যায়।

কথিকা

১৭ ফেব্রুয়ারীর 'মহিলামহল'-এ মীরা সেনের 'আপনিও আদর্শ গৃহিণী হতে পারেন : হঠাৎ অতিথি এলে'। ঐদিনই রাত ৮টায় ডঃ গৌরীশংকর ভট্টাচার্যের 'যাত্রাপালার উদ্ভব ও ক্রমবিকাশ'। ২০ ফেব্রুয়ারী, সন্ধ্যে ৬-৩০ মিনিটে 'কি করে অর্থকরী করা যায়' পর্যায়ে 'তালের পাটালি তৈরী' এবং রাত ৮টায় শংকর চক্রবর্তীর 'সাগরের এক বিচিত্র প্রাণী ডলফিন'। ২১ ফেব্রুয়ারীর 'মহিলামহল'-এ পরপর দু'টি কথিকা 'খেলার মাঠে মেয়েরা' পর্যায়ে দীপ্তি মজুমদারের 'খেলাধুলা প্রসঙ্গে' এবং শুক্লা মুখোপাধ্যায়ের 'পণপ্রথার বেড়াজালে'। 'প্রতিরোধ ব্যবস্থা পর্যায়ে 'কলেরা' পরের দিন সন্ধ্যে ৬-৪০ মিনিটে। ২২ ফেব্রুয়ারী, রাত ৮-৪৫ মিনিটে মহম্মদ বাহাতুল্লার 'মৌলানা আজাদের অবদান'। 'উন্নয়নমূলক কর্মসূচীর রূপায়ণে তথ্যচিত্রের ভূমিকা' বলবেন আশিস মুখোপাধ্যায় ২৬ ফেব্রুয়ারী, রাত ৮-৪৫ মিনিটে।

অন্যান্য অনুষ্ঠান

১৭ ফেব্রুয়ারীর 'মজদুরমণ্ডলী'তে আলোচনা 'ইউনিয়নের অন্তর্দ্বন্দ্বের কারণ কি'। 'জাতীয় শক্তির উৎস' পর্যায়ের তৃতীয় আলোচনা 'কর্ম ও সৃজনমুখী শিক্ষা' ১৯ ফেব্রুয়ারী, রাত ৮-৪০ মিনিটে: অংশগ্রহণে—মনকুমার সেন, সত্যেন্দ্রমোহন চট্টোপাধ্যায় এবং অমিয়কুমার মজুমদার। পরের দিন দুপুর ২-৫০ মিনিটে গীতিনাট্য 'আলিবাবা'-র দ্বিতীয় পর্ব। অজয় বসুর রূপক 'মুক্তাঙ্গনে' ২১ ফেব্রুয়ারী, সন্ধ্যে ৬-৪০ মিনিটে। তারাশংকর বন্দ্যোপাধ্যায়ের 'বেদেনী' ২৫ ফেব্রুয়ারী, রাত ৮টায়: গীতিনাট্যটি পরিবেশন করবেন 'গ্রামীণ গীতিসংস্থা'। রবীন্দ্রগীতিনাট্য 'বসন্ত' ২৭ ফেব্রুয়ারী, দুপুর ২-৫০ মিনিটে। গোপাল চট্টোপাধ্যায়ের প্রযোজনায় নির্মল বসুর রূপক 'কাজ আছে মাঠ ভরে' এ পক্ষের শেষ দিনে সন্ধ্যে ৬-৪০ মিনিটে।

'যুববাণী'

'দ্রুত ও সর্বতোমুখী অগ্রগতির জন্য দরকার' পর্যায়ের সপ্তম কথিকা 'উপযুক্ত গবেষণা' ১৭ ফেব্রুয়ারী। 'সাংবাদিকতায় ঝুঁকি' পর্যায়ে প্রথম 'খেলাধুলার সংবাদ পরিবেশনায়' ১৮ ফেব্রুয়ারী, দ্বিতীয় 'ছবি তোলার ক্ষেত্রে' ২২ ফেব্রুয়ারী এবং তৃতীয় কথিকা 'স্কুপ সংগ্রহে'—স্বপন বন্দ্যোপাধ্যায় ২৫ ফেব্রুয়ারী। 'আমাদের সমস্যা' পর্যায়ের প্রথম 'পরিবারে'—পূর্ণিমা সেনগুপ্ত ২১ ফেব্রুয়ারী, দ্বিতীয় 'সমাজে'—মিতালি চক্রবর্তী ২৪ ফেব্রুয়ারী এবং এ পক্ষের শেষ কথিকা 'চাকরিক্ষেত্রে'—মহামায়া দাস ২৮ ফেব্রুয়ারী।—সব ক'টি কথিকাই সকাল ৮টায়।





কাটতে ঢুকে যাবে। বলোয়া দিয়ে গাছের ডাল ছুঁচলো করে তাই ছুঁড়ে শুয়োর বা হরিণ গেঁথে ফেলবে। সেবার মুল্‌কি লড়াইয়ে জোতদারের ঘর-খামার-মরাই জ্বালিয়ে দিয়ে ও যখন জঙ্গলে পালায়, তখন বলোয়া দিয়ে ডালপালা কেটে গাছের মগডালের কাছাকাছি সুন্দর মাচা বেঁধে ফেলেছিল একটা। বেশ কিছুদিন ছিল সেখানে।

বলোয়া দিয়ে ডাল কেটে, তীরের ফলার আকারে কেটে ও সুন্দর ফলা বানিয়েছে। সালীকে দিল সেগুলো।

সালী বলল, 'আজ কি খেয়েছ?'

—'খরা মারছিলাম একটা। খাবি? নিয়ে যাবি একটু?'

—'না। আমার উঠানেই ঘুরে, ধরি ফাঁদ পেতে।'

—'ঘর যা।'

—'হ্যাঁ, যাই। ছেলেটা আছে।'

—'কাল লবণ আনিস।'

—'আনব।'

—'হাঁসুটা আনিস।'

—'আনব।'

—'আঁধার হয়ে গেল যে?'

—'ভগবানের নাম কেড়ে চলে যাব।'

অন্ধকারে মিশে ফিরে চলল সালী। এখন অন্ধকারে ভয় করে না। কোনো কিছুতে ভয় করে না। আগে করত। এখন শুধু মনে হয়, এও দিন দিন নয়, এখন যা ঘটছে, যেভাবে দিন কাটছে, সব অলীক হয়ে যাবে। সত্যি হয়ে থাকবে শুধু বীরসার ফিরে আসার দিনটা। বীরসা এলে সব পালটে যাবে।

বহুদিন ধরে ওর মন যেন অন্ধকারে ভরে থাকত। ছোটবেলা থেকে সালী শুনে এসেছে ও বড় সুন্দরী। ওর বিয়ে হবে, দেখার মত জামাই আসবে। কিন্তু ডোন্‌কার সঙ্গে আরান্দি হতে মনে সুখ ছিল না। ডোন্‌কার ততদিনে দুটো বউ মরে গেছে। একটা পাট্টির মান্‌কি ডোন্‌কা। ডোন্‌কার পাট্টিতে এগারোটা গ্রাম।

গ্রামও তেমনি, জঙ্গুলে গ্রাম। কোনোটায় দশ ঘর লোকের বাস, কোনোটায় বিশ ঘর। যারা থাকে তাদের অবস্থাও তেমনি। মারটো জুটলে নুন জোটে না। তবু ডোনকার অবস্থা ওরই মধ্যে ভাল। বয়স ওর অনেক। তবে সব বলেকয়ে ও সালীকে ঘরে এনেছিল। সালীর বাবাকে বলেছিল, 'আমি কতদিন জীইব বল? সব তোমার মেয়ে পাবে।'

সালীর বাবা আর মা সেই থেকে এই গ্রামেই উঠে এল। বাবা মরেও গেল একদিন। সালীর মনে সুখ হল না। নতুন বিয়ের সুখ হল না কোনো। কিন্তু পেটে ভাত, পরনে কাপড়, মাথায় তেলের ভরসা বড় ভরসা। বুড়ো বরের দুঃখ ভুলে গেল সালী।

ক্রমে সে সুখও গেল। ডোনকা একদিন সাদা কাপড় পরে, কপালে হলুদ মেখে ঘরে এল। সঙ্গে আরো চারটে মুণ্ডা। বলল, 'এদের ভাত রাঁধা কর্।'

—'কেন?'

—'এরা বীরসাইত। আমি বীরসাইত হয়াছি। বীরসাইতে-বীরসাইতে ভাই হয়। আমার ভাইরে আমি ভাত দিব।'

বীরসাইতদের খাওয়াতে, দান করতে, ধানের টাল ছোট হতে লাগল। যখন তখন মানুষ আসতে লাগল। কথাবার্তা ওদের গোপনে হয়। তাই সালী আর ছেলেকে ডোন্‌কা অন্য ঘরে পাঠিয়ে দিল থাকতে। সালীর মনে জ্বালা ধরল। একি সর্বনেশে বুদ্ধি ডোন্‌কার? পুজোপার্বণে ও মুণ্ডা প্রজাদের প্রণামী চাল-মুরগি ফেরত দিয়ে দিচ্ছে, চাষবাস তুলে দিচ্ছে? তখন ও গাল দিতে শুরু করল। নিজের বাপকে, ডোন্‌কাকে, ভাগ্যকে। শেষে ডোন্‌কা একদিন পালাল। বলল, 'ভগবানের কাজে চললাম রে!'

বীরসার কাছে গিয়ে বসে রইল ডোন্‌কা। হরিণের পাল এসে সালীর কচু খেত। ক্ষেত-খামার তছনছ হয়ে গেল। রাগে জ্বলতে জ্বলতে সালী বীরসার কাছে গেল। মান্‌কির বউ! তাই চুলে তেল মেখে, খোঁপা বেঁধে, খোঁপায় ফুল গুঁজে ফর্সা কাপড় পরে গেল। মনের জ্বালা ওর চলনেবলনে ফুটে বেরোচ্ছিল।

বীরসা বলল, 'তুমি ডোন্‌কারে গাল দিও না। ও আমার কাজ করে।'

—'হা রে তোমার কাজ! সব উড়ায়ে পুড়ায়ে দিল। ছেলটারে দেখে না, সব নাশ করে দিল যে? গাল দিব না?'

বীরসা নেমে এল উঠোনে। ওর মাথায় হাত রাখল। ওর চিবুক ধরে ওর মুখের দিকে চাইল। কি যেন মন্ত্র বলে চলল আস্তে। ওর চোখে গভীর বেদনা। ওর আঙুলে যেন মন্ত্র ছিল। সালী বুঝতে পারল ওর ক্ষুব্ধ, ক্রুদ্ধ, উত্তপ্ত মন জুড়িয়ে বর্ষার পুবে বাতাস বহে যাচ্ছে।

সালী বলল, 'কি দেখ?'

—'তোমারে।'

—'আমারে?'

—'হ্যাঁ।'

বীরসা বলেছিল, 'ডোন্‌কা হতে আমার অনেক কাজ হবে। তুমি হতে আরো বেশি কাজ হবে।'

—'আমি হতে!'

—'হ্যাঁ।'

—'আমি কে, বল?'

—'তুমি সালী।'

—'মেয়েছেলে হতে লড়াইয়ের কাজ হয়?'

—'হয়। আমি তোমায় বলে দিব।'

সালী আশ্চর্য হয়ে মাথা নীচু করে ঘরে ফিরে এসেছিল। ডোন্‌কাকে বলেছিল, 'তুই তো মান্‌কি আছিস। আর কি পাবি বলে ওর কাছে গিয়াছিস?'

ডোন্‌কা বিষণ্ণ হেসে বলেছিল, 'ওরে দেখলে, ওর কথা শুনলে আমার বুকে জানি বান ছুটে সালী, পাহাড় ভাঙে। ওর কাছে যেয়ে তবে আমি জানলাম মুণ্ডা নামে গরব কত!'

সালী তখন বুঝেছিল ডোন্‌কা কেন বীরসার ভক্ত হয়েছে। মুণ্ডা মানে জংলীটা, অসভ্যটা। মুণ্ডাদের জীবন দিকুদের জন্যে। দিকুদের গোলায় ধান-সরষে-আখ উঠবে, দিকুরা এসে জঙ্গল-হাসিল জমি দখল করবে, বোঙা-বুঙির থান—বলির জায়গা পহনাই—খুটকাট্টি গ্রামের সব নিশ্চিহ্ন হয়ে গিয়ে সেখানে দিকুরা তাদের দেবদেবীর থান বসাবে, মুণ্ডাদের জীবন সে জন্যেই। মুণ্ডা কেমন করে মুণ্ডা বলে গর্ব করবে? কেমন করে আত্মবিশ্বাস অটুট রাখবে?

না, বীরসা কোনো মুণ্ডাকে ঘাটোর বদলে ভাত, বেধ-বেগারীর বদলে স্বাধীনতা, জেলকাছারি থেকে অব্যাহতি, চাষের জমি—বসতবাড়ি—অরণ্যে অধিকার দিতে পারেনি।

কিন্তু ডোন্‌কার বুকে সাহস, গর্ব দিতে পেরেছে।

সালী নিশ্বাস ফেলল। বলল, 'আমিও কাপড় হলুদ রঙ করে নিব কুসুম ফুলে। স্ত্রী-পুরুষে যেমন থাকে, থাকব না। আমিও যেয়ে চালকাড় হতে শুনে আসব ওর কথা।'

—'যাবি?'

—'নয় তো তুই একা যাবি? বুড়াটা, রাতকানাটা, রাতেভিতে দেখিস তুই?'

সবই করেছিল সালী। বীরসার জন্যে অনেক কাজ করে বীরসার চোখে প্রশংসা দেখবার জন্যে ও সব করেছিল। তারপর, ধানী যখন তীরের ফলা বিলোচ্ছে, তখন বীরসা ধরা পড়ল। ডোন্‌কাও জেলে গেল।

সালী দেখল গ্রামে-গ্রামে পুলিশের তাণ্ডব। দেশে আকাল। দুরন্ত খরায় জঙ্গল অবধি নিষ্পত্র হয়ে গেল। মুণ্ডারা আবার ক্রীশ্চান হতে চলে গেল দলে দলে।

দেখল এখন বীরসার শত্রুরা বলছে, 'বীরসার পাপে সব জ্বলেপুড়ে গেল হে মুণ্ডারা।'

মুণ্ডারা বলছে, 'তবে?'

—'তবে আর কি! সকল বোঙা-বুঙি ছেড়ে একা বীরসাকে ভগবান বলে পুজলে দেবতা রেগে যাবে না?'

—'তবে?'

—'যেয়ে পুজো দে গা! জল নাই। চাষ নাই, কোন বোঙার শাপে হচ্ছে সব, পহান বলে দিবে।'

'তা বাদে?'

—'সেই বোঙারে তুষগা, যা!'

আবার সিংবোঙার থানে মুরগি বলি পড়ল। আবার পহান রক্তভরা সরা নিয়ে অন্ধকারে ছুটে গিয়ে শুকনো কুয়োয়, নদীর মরা খাতে ঢেলে দিল। আবার সুখি ডাইনি এসে তুক-তাক-মন্ত্র-তন্ত্র শুরু করল।

দেখে ভারি কান্না পেল সালীর। এমন কান্না পেয়েছিল যখন বাবা ডোন্‌কার সঙ্গে ওর বিয়ে দেয়। মনে হয়েছিল বুঝি মরে গেল ও।

জঙ্গল জ্বলে গেছে। হরিণ গ্রামে এসে টাল ভেঙে ধান খেয়ে যায়। ঘরের ভেতর কাঠের খুঁটি দিয়ে আরেকটা জায়গা ঘেরা। সেখানে মা ওর কাচ ছেলেটাকে নিয়ে শুয়ে থাকে। সালী খেরের বাইরে বলোয়া হাতে চেপে ঘুমোয়। খচমচ টাল ভাঙার শব্দ পেলেই বলোয়া ছুঁড়বে, নয় সড়কি বিঁধবে।

একদিন রাতে পায়ের শব্দ হল। সালী বুঝল বাইরে কোনো মানুষ এসেছে। ও সড়কিটা বাগিয়ে ধরল। নিচু গলায় বলল, 'কে?'

'ধানী রে, ধানী মুণ্ডা!'

সালী দরজা খুলল। ধানী ঢুকল। বলল, 'জেহেল হতে পালিয়েছি।'

—'তুই একা?'

—'হ্যাঁ।'

—'হেথা এলি?'

—'যাব কোথা?'

—'তোর পিছে পুলিস আসবে।'

'একদিন তো সময় দিবে।'

পরদিন রাত হলে, সালী ধানীকে গুহায় নিয়ে গেল। বলল, 'কেউ সুলুক জানে না। দিনেমানে সাফা করে রেখে গিয়াছি। ঝাঁপ ফেলায়ে দিয়াছি সামনে। হেথা থাক তুই। পরে আসব। না এলে জানবি গ্রামে পুলিস এসেছে বলে আসি নাই। ভুখ লাগলে এই মকাইয়ের ছাতু খাস, চকমকি, জলের মটকি রইল।'

সেই থেকে ধানী এখানে। ধানীকে এখানে পেঁছে দিয়ে তবে সালীর মনে হল, না, সব ঠিক আছে। ধানী বলেছে বীরসা দু-বছর বাদে ফিরবে। যতদিন না ফেরে ততদিন মুণ্ডাদের জানাতে হবে সব ঠিক আছে।

বুকে সাহস নিয়ে ফিরে গেল সালী। আবার জীবন স্বাভাবিক মনে হল। মনে হল সব ঠিক আছে। পুলিস ধানীর খোঁজে এসে ওর ধান মরাই ভেঙে দিয়ে গেল। সালী মাকে বলল, 'কাঁদিস কেন? জন্মে ধানের মরাই কবে তোর উঠানে ছিল? আমারে বুড়ার ঘরে দিয়ে তবে না মরাই দেখলি?'

—'কি খাবি এখন?'

—'আগে যা খেতাম।'

সালী জঙ্গলে ঘুরতে শুরু করল। জঙ্গলে ফল হয়, কন্দ হয়, খরা-শজারু মারা চলে। জঙ্গলে মেয়েরা দল বেঁধে যায়, ছড়িয়ে পড়ে। কথা বলে-বলে, মন জেনে-জেনে সালী বুঝল—না, সবাই বীরসার নামে কাঁপে না।

মানি পাহানী ওকে বুদ্ধি দিল। বলল, 'যে হাটে দিকু আসে। সে বড় হাটে যাব না। ছোট হাটে যাব। জঙ্গলের ভিতর-ভিতর গ্রামে যাব। তীর নিব, উপরে কচু-কলা-শাক রাখব। আমার ঝুড়ি করে বেচব, তার ঝুড়ি আমি নিব। সে যেয়ে রাতেভিতে মানুষের বাড়ির দেওয়ালে তীর বিন্ধে চলে আসবে। আমার কথা শুন্।'

সালী মানির কথা শুনল। সবাই দেখল সালী, ডোন্‌কা মান্‌কির বউ, পেটে ছেলে নিয়ে জঙ্গলে ঘুরে

বেড়ায়। বড় আকাল, বড় খরা, জঙ্গল ছাড়া মুণ্ডার গতি কি? দিকুরা আর ধান-টাকা ধার দেয় না। বলে, 'দিকুদের তো তোরা তাড়াবি। তবে দিকু তোদের দেখবে কেন?'

বড় আকাল, বড় দুর্দিন। বীরসা জেলে গেল। সেই থেকে পরপর দু-বছর বৃষ্টি নেই।

বৃষ্টি নেই। সৃষ্টি জ্বলে খাক্ হয়ে গেল। দ্বিতীয় বছরের বাতাসে জল ছিল না, মাটি টাটা-ফাটা। শীতেও রাতে শিশির হয় না। সকালে দেখা যায় জঙ্গলে গাছের পাতা শুকনো, ঝিমন্ত। নদীর বালি আঁচড়ে গর্ত করে রাখে মেয়েরা। সারা রাতে সে গর্তে এক আঁজলা জলও ওঠে না। ১৮৯৭ সালে ছোটনাগপুরে ভাদোই ফসল জ্বলে গেল, রবিশস্যও উঠল না।

১৮৯৭ সালের নভেম্বরে বীরসা মুক্তি পেল।

সঙ্গে সঙ্গে সে খবর ছড়িয়ে গেল বাতাসের আগে। আবার মুণ্ডা গ্রামে গ্রামে মাদল বাজল, নাগরা বাজল। মেয়েপুরুষে নাচল, গান গাইল। যারা ক্রীশ্চান হয়েছিল তারা পলুস প্রচারককে বলে দিল, 'আর তোর গির্জা যাব না, যা তুই। ভগবান এসে গিয়াছে।'

—'মিশনের সাহেবরা তোরাদের খাওয়ায় নাই এ আকালে?'

—'খাওয়ালে কি হয়াছে?'

—'তোরা আমারে বিপদে ফেলালি।'

—'বিপদে তুই নিজেরে ফেলাছিস যখন ভগবানরে ধরা করাতে গিয়াছিলি।'

—'এই দেখ, আবার সে কথা তুলে।'

—'যা, চলে যা তোর গির্জায়।'

রাঁচি থেকে চালকাড় আসতে আসতে বীরসা দেখল সব জ্বলে খাক্ হয়ে গেছে। নিশ্বাস ফেলল ও। মুণ্ডাদের অনাহার, উপবাস, দারিদ্র্য সব যেন ওর মনে পাষাণ হয়ে চেপে বসল। ভগবান সে, মুণ্ডাদের ভগবান। কমিশনারকে কথা দিয়েছে আর ও মুণ্ডাদের খেপাবে না। বীরসা বুঝল কথা ও রাখতে পারবে না। এখন মনের কোথায় যেন প্রতিধ্বনিতে, শুকনো, রুক্ষ বাতাসের প্রতিধ্বনিতে ফিরে এল মার কাছে শোনা প্রাচীন গৌরবের কথা। চুটিয়া, জগন্নাথপুর, নওরতনে মুণ্ডারা মন্দির গড়েছিল। সে মন্দিরের পাথরের বেদীর নিচে দাঁড়িয়ে স্বয়ং সিংবোঙার সঙ্গে কথা বলা চলত। ঈশ্বর আর মুণ্ডারা সেদিন বড় কাছাকাছি ছিল। তারপর, মা বলত, 'তারপর স—ব নিয়ে নিল দিকুরা। মুণ্ডারা বেদখল হয়ে গেল।'

চালকাড় পৌঁছে গেল ওরা।

ডিসেম্বরের সাত তারিখে স্বয়ং কমিশনার ওকে চালকাড়ে এসে হুমকি দিয়ে গেলেন। বললেন, 'সরকারকে কথা দিয়েছে। কথা ভাঙলে গুরুতর শাস্তি পাবে।'

বীরসা বলল, 'মনে আছে।'

কমিশনার চলে গেলেন দুপুরে। সন্ধ্যায় বীরসার উঠোন ভরে গেল। সোমা, ধানী, গয়া, সুরাই, ভরতো, মুণ্ডা সর্দাররা এসেছে। এসেছে মুণ্ডা মরদেরা।

উঠোনে জ্বলন্ত মশাল পুঁতে দিয়ে গেল একজন। মশালের ধক্‌ধক্ আলো। বীরসার মুখ গম্ভীর। বলল, 'একে একে কথা বল। সোমা, তুমি বল।'

—'তুমি জেহেলে। এদিকে শ্রাবণ-ভাদ্র আসতে শুনলাম সরকার আকালের জন্য বেবস্থা করাছে। খয়রাতি, গ্রামে-গ্রামে কর্জ, ধান-চাল, সব দিবে। আমরা হাঁ করে চেয়ে থাকলাম। বাদে শুনলাম সরকার সব বেবস্থা করাছে, সবাই সব পেয়ে গিয়েছে, রিপোট চলে গেছে সদরে। কিন্তু ভগবান! আমরা একোজনও এক খুঁটি চাল পাই নাই। আর আমি কি বলব?'

—'গয়া, তুমি বল।'

—'আমি থানায় যেয়ে বললাম, খুনটি, সিসল, বাসিয়া থানায় একশোর বেশি মানুষ উপোসে মরল, তা রিপোট করে লেখ আকাল এসেছে। তারা লিখে দিল চল্লিশ জন মরাছে। চল্লিশ জন মরলে তারে আকাল বলে না।'

—'ভরতো কি বল?'

—'হাঁ, মিশনের সাহেবরা লঙ্গরখানা খুলে দিয়াছে। মানুষ খাওয়াছে কতক। কিন্তু জমিদাররা, ভগবান! সাহেব বলতেও না দিছে কর্জ, না বলেছে টালে কত ধান আছে। যত ধানচাল ছিল সব নিয়ে গুম করে ফেলাল। তা বাদে এক দিক মামলা ঠুকে দিল রকুয়া আর দুখার নামে। ওরা ওর জঙ্গল হতে বাঁশের কোঁড় ভাঙছিল।'

—'আইনের কথা কে জান?'

ধানী এগিয়ে এল, 'আমি জানি।'

—'তুমি! জেহেল থেকে পালালে কেন?'

—'ভাত দিল না কেন? ঘরেও ঘাটো খাব, জেহেলেও ঘাটো? তা বাদে ওয়াডার আমারে শিয়াল বলল কেন?'

—'অন্যায় করেছিলে।'

—'আর করব না।'

—'আইনের কথা তুমি কি জান?'

—'সব জেনে নিয়াছি। একে একে বলি?'

—'বল।'

—'খাজনা বাড়াতে আইন হল, খাজনা কমাতে আইন হল। একই আইনে বলে দিল খাজনা বাড়াবে, আবার যখন দেখবে রায়তের ক্ষমতা নাই, তখন খাজনা মাফ করবে। খাজনা বাড়াল জমিদারের মুখ চেয়ে। জমিদার বুঝাল এখন দিনকাল মাহাঙ্গা খুব। খাজনা না বাড়ালে জমিদার মরে যায়। আইনে বলে দিল যে রায়ত বেশি খাজনা দিতে পারবে না, সে বেগারী দিবে। যার সঙ্গে বেগারীর কথা, সে বেগারী দিতে অপারক হলে টাকা দিলে রেহাই পাবে।'

—'কাজে কি হল?'

—'তখন সোমারা পাঁচজন যেয়ে জেকবকে চিঠি লিখা করাল। জেকব এসেছিল রাঁচি। কেন, তুমি শুন নাই?'

—'শুনেছি জেকব অনেক লিখালিখি করল সরকারকে। নিজ খরচে মুণ্ডাদের দিয়ে কেস দায়ের করাল আদালতে। যাতে আপত্তিগুলা রেকড হয়, এ আইন পাস হলে মুণ্ডার সুবিধা একআনা। জমিদারের সুবিধা পনেরো আনা। তোমরাও তো তা বুঝ হে! মুণ্ডা থাকে জঙ্গলে। বলল, সরকার, খাজনা ধরা করাছ, এ খাজনা মকুব কর। আমার সাধ্য নাই। মুণ্ডা যদি মুণ্ডারীতে চেঁচায়, সরকার জানবে?'

—'না। শুনবে না। সরকার কানে কালা।'

—'তবে?'

—'মামলা দায়ের করে সরকারকে বুঝাতে হবে।'

—'হ্যাঁ। মামলা দায়ের করবার সাধ্য মুণ্ডার নাই, কোনো দিন হবে না। তখন জেকব এ সকল কথাই সরকারকে জানাল। কিছুই হয় নাই। আইন পাস হয়ে গেল। তা বাদে কি হল, বলি—এই! মশাল দাও একটা নতুন।'

নতুন মশাল জ্বলে উঠল।

বীরসা বলতে লাগল, 'কমিশনার

(শেষাংশ ১৬২ পৃষ্ঠায়)

বিবাহের বেনারসী ও কাশ্মিরী শালের মেলা !!
রেডিমেড টেরিন, টেরিকট, সিল্ক ও আদ্দির পাঞ্জাবী সুলভে !
মনোমত স্যুট, সার্ট ও গুরু পাঞ্জাবী এখানেই অর্ডার দিন
"শৈললাল মনিলাল ষ্টোর্স"—এ আসুন
১৬২নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২ (দৈনিক বসুমতীর পাশে)
বেনারসী সিল্ক তাঁত বস্ত্র ছিট কাপড়
শৈললাল মনিলাল
বহুবাজার শ্যামবাজার
ফোন-৩৪-২১২৬ ফোন-৫৫-২০০৭
বিবাহের বিছানা শাল আলোয়ান

আকাশবাণী কলকাতা, শিলিগুড়ি, দিল্লী, বোম্বাই, কার্সিয়ং, লক্ষ্মৌ-এলাহাবাদ, গৌহাটি, পাটনা, কটক শিলচর ও আগরতলা

মীটার তালিকা

মিডিয়াম ওয়েভ

কলকাতা ক: ৪৪৭·৮ মীঃ (৬৭০ কিঃ হাঃ)—সকাল ৫টা ৫৫ মিঃ থেকে ৯টা ৩০ মিঃ পর্যন্ত; ৩০০ মীঃ (১০০০ কিঃ হাঃ)—সকাল ৯টা ৩০ মিঃ থেকে ১১টা পর্যন্ত)। ১-৩০ মিঃ—৩-৩০ মিঃ এবং বিকেল ৪-১৫ মিঃ—রাত ১১টা (শনিবার ও রবিবার ৩-৪৫ মিঃ থেকে)

কলকাতা খ: ৩০০ মীঃ (১০০০ কিঃ হাঃ)—সকাল ৫টা ৫৫ মিঃ থেকে ৯-১০ মিঃ পর্যন্ত; দুপুর ১টা—৩টা; (রবিবার দুপুর ১২-৩০ মিঃ—৩টা) সন্ধ্যা ৬টা —রাত ১১টা পর্যন্ত

কলকাতা গ: ২২৭·৩ মীঃ (১৩২০ কিঃ হাঃ)—সকাল ৬-৫৫ মিঃ থেকে ৯-৩০ মিঃ পর্যন্ত; (রবিবার ১০টা পর্যন্ত) ১০-১৫ মিঃ থেকে ১২-৩০ মিঃ; (রবিবার ২টা পর্যন্ত) ২টা থেকে রাত ১১-১০ পর্যন্ত

শিলিগুড়ি: ৪২৮·৬ মীঃ (৭০০ কি হাঃ)
আগরতলা : ২৩৬·২ মীঃ (১২৭০ কিঃ হাঃ)—সকাল ৬-৩০ মিঃ থেকে রাত ১০-৩০ মিঃ

শিলচর : ৩৪০·৯ মীঃ (৮৮০ কিঃ হাঃ)

দিল্লী ক: ৩৭০·৪ মীঃ (৮১০ কিঃ হাঃ) সকাল ৫-৫৫ মিঃ—দুপুর ২টা; বিকেল ৪টা থেকে

দিল্লী খ: ২৯৪·১ মীঃ (১০২০ কিঃ হাঃ) —সকাল ৭-৩০ মিঃ—১০-০৪ মিঃ;) দুপুর ১টা—বিকেল ৪-৩০ মিঃ; বিকেল ৫-৫৫ মিঃ—রাত ১টা পর্যন্ত

বোম্বাই ক ২৮৮·৫ মীঃ (১০৪০
বোম্বাই খ : ৫৪৫·৫ মীঃ (৫৫০)
লক্ষ্মৌ : ৩৯৪·৭ মীঃ (৭৬০ কিঃ হাঃ)
এলাহাবাদ : ৩১৫·৮ মীঃ (৯৫০)
গৌহাটি ক: ৪১১·০ মীঃ (৭৩০ কিঃ হাঃ)
পাটনা ক : ৪৮৩·৯ মীঃ (৬২০ কিঃ হাঃ)
কটক ক: ৩১০·৯ মীঃ (৯৬৫ কিঃ হাঃ)

শর্ট ওয়েভ

কলকাতা ক

৬২·২৪ মীঃ (৪৮২০ কিঃ হাঃ)—সকাল ৬-৩০ মিঃ—৭-৪০ মিঃ পর্যন্ত
৪৯·৯২ মীঃ (৬০১০ কিঃ হাঃ)—সকাল ৮টা—৯-৩০ মিঃ পর্যন্ত
৪১·৬১ মীঃ (৭২১০ কিঃ হাঃ)—সকাল ৯-৪৫ মিঃ—১১টা ও দুপুর ১২-৩০ মিঃ—১টা এবং শনিবার ও রবিবার ৪-১৫ মিঃ পর্যন্ত; ৬২·২৪ মীঃ (৪৮২০ কিঃ হাঃ)—সন্ধ্যা ৬টা থেকে ৬-৫৫ মিঃ এবং ৭-৩৫ মিঃ থেকে ১১টা পর্যন্ত

কলকাতা খ

৬২·২৪ মীঃ (৪৮২০ কিঃ হাঃ)—সকাল ৬টা থেকে ৬টা ৩০ মিনিট পর্যন্ত;
৪১·৬১ মীঃ (৭২১০ কিঃ হাঃ)—দুপুর ১টা—৩টা এবং ৬২·২৪ মীঃ (৪৮২০ কিঃ হাঃ)—সন্ধ্যা ৬টা ৫৫ মিঃ—৭টা ৩৫ মিনিট পর্যন্ত

দিল্লী ক

৮৯·১৫ মীঃ (৩৩৬৫ কিঃ হাঃ)—সকাল ৬টা—৭-০৫ মিঃ; ৪৮·৭৪ মীঃ (৬১৯০ কিঃ হাঃ)—সকাল ৮টা—৮-১৫ মিঃ ও ৮-১৫ মিঃ—৮-৩০ মিঃ; ৪১·১৫ মীঃ (৭২৯০ কিঃ হাঃ)—সকাল ৯-১৫ মিঃ—দুপুর ১-৩০ মিঃ ও ১-৪০ মিঃ—২টা

দিল্লী খ

৪১·১৫ মীঃ (৭২৯০ কিঃ হাঃ)—দুপুর ১-৩০ মিনিট—১-৪০ মিনিট—পর্যন্ত ৪৮·৪৭ মীঃ (৬১৯০ কিঃ হাঃ)—সকাল ৮-১৫ মিঃ—৮-৩০ মিঃ পর্যন্ত; ৮৯·১৫ মীঃ (৩৩৬৫ কিঃ হাঃ)—সন্ধ্যা ৬টা —৬-৪০ মিঃ ও সন্ধ্যা ৭টা—রাত ৮টা পর্যন্ত

বোম্বাই ক

৪১·৪৪ মীঃ (৭২৪০ কিঃ হাঃ)—সকাল ১০-৩০ মিঃ থেকে ১১টা পর্যন্ত

বোম্বাই খ

৬১·৯৮ মীঃ (৪৮৪০ কিঃ হাঃ)—সকাল ৬-৩০ মিঃ—৭-৪৫ ও বিকেল ৫-৩০ মিঃ—রাত ১১টা: ৪১·৪৪ মীঃ (৭২৪০ কিঃ হাঃ)—সকাল ৮টা—সকাল ৯-৫০ মিঃ পর্যন্ত ও সকাল ১১-৩০ মিনিট—দুপুর ২-৩০ মিনিট পর্যন্ত

কার্সিয়ং

৬১·২৯ মীঃ (৪৮৯৫ কিঃ হাঃ)—সকাল ৬-৫৫ মিঃ থেকে ৯-৩০ মিনিট পর্যন্ত
৪১·৪৯ মীঃ (৭২৩০ কিঃ হাঃ)—বেলা ১১টা—বিকেল ৩-০৪ মিঃ পর্যন্ত
৮৯·৪২ মীঃ (৩৩৫৫ কিঃ হাঃ)—বিকেল ৫টা থেকে

লক্ষ্মৌ-এলাহাবাদ খ—বারাণসী—রামপুর
৯৩·৬০ মীঃ (৩২০৫ কিঃ হাঃ)—সকাল ৬-৩০ মিঃ—৭-৪৫ মিঃ পর্যন্ত
৪৮·৬২ মীঃ (৬১৭০ কিঃ হাঃ)—সকাল ৮টা থেকে
৪১·৩৮ মীঃ (৭২৫০ কিঃ হাঃ)—সকাল ৯-০৪ মিঃ—৩টা; ৯৩·৬০ মীঃ (৩২০৫ কিঃ হাঃ)—২৪১·৯ মীঃ (১২৪০ কিঃ হাঃ): ২৮৩·০ মীঃ (১০৬০ কিঃ হাঃ) —বিকেল ৫-১৫ মিঃ থেকে

গৌহাটি ক

৮৮·৮৯ মীঃ (৩৩৭৫ কিঃ হাঃ)—সকাল ৬টা—৭-১৫ মিঃ পর্যন্ত: ৫০·২৫ মীঃ (৫৯৭০ কিঃ হাঃ)—সকাল ৭-৩০ মিঃ থেকে ৯-৩০ মিঃ পর্যন্ত: ৪১·২১ মীঃ (৭২৮০ কিঃ হাঃ)—সকাল ৯-৪৫ মিঃ—বিকেল ৫-১৫ মিঃ পর্যন্ত· ৮৮·৮৯ মীঃ (৩৩৭৫ কিঃ হাঃ)—বিকেল ৫-৩০ মিঃ থেকে

কলকাতা কেন্দ্রের 'বিবিধ ভারতী' অনুষ্ঠান সুচী

প্রথম অধিবেশন

৬-৫৫	**বন্দেমাতরম্ (মঙ্গলধ্বনি)**
৭-০০	**হিন্দী সংবাদ**
৭-২০	**বন্দনওয়ার (ভক্তিগীতি)**
৭-২৫	**উদয় গান** দেশাত্মবোধক গান
৭-৩০	**ঝড়োখা**
৭-৩৫	**সংগীত সরিত** (উচ্চাঙ্গ সংগীত অবলম্বনে)
৭-৪৫	**রংগাবলী (ছায়াছবির গান)**
৮-০০	**ঝংকার (যন্ত্রসংগীত)**
৮-১০	**ভুলে বিসরে গীত**
৮-৩০	**জয়মালা (১)**
৯-০০	**হিন্দী সংবাদ**
৯-০২	**মনোরঞ্জন** (শ্রোতাদের অনুরোধে) (রবিবার বিজ্ঞাপনদাতা দ্বারা প্রচারিত অনুষ্ঠান—৯-৩০ মিঃ—১০টা পর্যন্ত; অতঃপর সমাপ্তি)

দ্বিতীয় অধিবেশন

১০-১৫	**গীতাঞ্জলি** (আপনা ঘর ছুটির দিন)
১০-২৫	**গান মঞ্জরী** (১০-৪৫ লোক রঙ্গ ছুটির দিন)
১১-০০	**হিন্দী সংবাদ**
১১-০২	**মনচাহে গীত** (শ্রোতাদের অনুরোধে) (১১-০২ চিত্রধ্বনি/চয়নিকা) (ছুটির দিন ১২টা পর্যন্ত) (বাংলা নাটক দ্বিতীয় ও ৫ম রবিবার)
১১-৪৫	**সাজ আউর আওয়াজ** (বিচিত্র যন্ত্রসংগীত ও কণ্ঠসংগীত)
১২-০০	**হিন্দী সংবাদ**
১২-০২	**জয়মালা (২)** (১২-০২ নই ফ্লিমোঁ সে ছুটির দিন)
১২-৩০	**দ্বিতীয় অধিবেশনের সমাপ্তি** (বিজ্ঞাপনদাতা দ্বারা প্রচারিত অনুষ্ঠান ২টা পর্যন্ত রবিবার)

তৃতীয় অধিবেশন

২-০০	**রঙ্গতরঙ্গ** মনোরঞ্জন (২) (রবিবার)
২-৩০	**মনোরঞ্জন (২)** (বিজ্ঞাপনদাতা দ্বারা প্রচারিত অনুষ্ঠান রবিবার)
৩-০০	**হিন্দী সংবাদ**
৩-০২	**লোকগীত** (বিশেষ জয়মালা রবিবার)
৩-৩০	**অনুরঞ্জনী** (উচ্চাঙ্গসংগীত) (বিশেষ জয়মালা রবিবার)
৩-৪৫	**অঞ্জলি** (কর্ণাটক ভক্তিগীতি)
৪-০০	**হিন্দী সংবাদ**
৪-০২	**গীত মালিকা**
৪-৩০	**মধুর গীতম** (কর্ণাটক ছায়াছবির গান)
৫-০০	**হিন্দী সংবাদ**
৫-০৫	**মধুর গীতম**
৫-৩০	**মনোরঞ্জন (৩)**
৬-০০	**মনের মতো গান +** (শ্রোতাদের অনুরোধে বাংলা গান)
৬-৩০	**সান্ধ্য গীত** (ভক্তিগীতি)
৬-৪৫	**স্বর সুধা (উচ্চাঙ্গ সংগীত)**
৭-০০	**হিন্দী সংবাদ (খেলাধুলা)**
৭-০৫	**জয়মালা (৩)**
৭-৪৫	**রঙ—এ—মেহফিল**
৮-০২	**বর্ণালী +** (গ্রামোফোন রেকর্ডে বাংলা গানের অনুষ্ঠান)
৯-০০	**রজনীগন্ধা (শনিবার ছাড়া)** (ছায়াছবির গান) পত্রলেখা (শনিবার) (বাংলায় শ্রোতাদের চিঠির উত্তর)
৯-১০	**চিত্রশালা**
৯-১৫	**হাওয়া মহল** (তরঙ্গ ঃ শনিবার)
৯-৩০	**বিজ্ঞাপনদাতা দ্বারা প্রচারিত অনুষ্ঠান (মিশ্রিত গান)**
৯-৪৫	**বিজ্ঞাপনদাতা দ্বারা প্রচারিত অনুষ্ঠান (ফুলওয়ারী)**
১০-০০	**মনচাহে গীত (শনিবার ছাড়া)** (শ্রোতাদের অনুরোধে) চয়ন + (শনিবার)
১০-৩০	**বিজ্ঞাপনদাতা দ্বারা প্রচারিত অনুষ্ঠান (রাসবিহার)**
১০-৪৫	**বিজ্ঞাপনদাতা দ্বারা প্রচারিত অনুষ্ঠান** পত্রাবলী (রবিবার) রাগ-অনুরাগ (সোমবার) মিলন যামিনী (মঙ্গলবার) ইনকি পসন্দ (বুধবার) আপ কে চুটকলে আপ কে গীত (বৃহস্পতিবার) এক পন্থ দো কাজ (শুক্রবার) মিলন যামিনী (শনিবার)
১১-০৫	**বিশ্ব সংবাদ**
১১-১০	**তৃতীয় অধিবেশনের সমাপ্তি**

আকাশবাণীর বহির্বিভাগের অনুষ্ঠানসূচী

[নিম্নে ভারতীয় সময় দেওয়া হল; গ্রীঃ মীঃ সময় পেতে হলে এ থেকে সাড়ে পাঁচ ঘণ্টা সময় বাদ দিতে হবে।]

হিন্দী অনুষ্ঠানঃ

সকাল ৯টা—৯-৪৫ মিনিট পর্যন্ত পূর্ব আফ্রিকার জন্য ১৯·৮২ ও ১৬·৯৪ মীটারে; ভক্তিমূলক গান প্রত্যহ সকাল ৯টায়; সংবাদ ৯-০৫ মিনিটে ও প্রত্যহ ভারতীয় সংগীতানুষ্ঠান
সকাল ৯-৪৫ মিঃ—১০-৩০ মিনিট পর্যন্ত পূর্ব আফ্রিকার জন্য ৩১·৩৩ এবং ১৯·৮৯ মীটারে; রাত ৯-৪৫ মিনিটে যন্ত্রসংগীত; রাত ৯-৫০ মিনিটে হিন্দী সংবাদ; সকাল ৪-৩০ মিঃ—৫-৩০ মিঃ পর্যন্ত দক্ষিণ-পূর্ব এশিয়ার জন্য ২৬৫·৫, ৪৯·০২, ৪১·৭২ এবং ৩০·২৭ মীটারে; ভক্তিমূলক সংগীত প্রত্যহ সকাল ৪-৩০ মিনিটে ও হিন্দী সংবাদ প্রত্যহ সকাল ৪-৩৫ মিনিটে

১৬ ফেব্রুয়ারী : সাময়িক বার্তা; প্রাদেশিক সংগীত; বার্তা; সুগম সংগীত; আপ কা পত্র মিলা; বসন্ত পঞ্চমী

১৭ ফেব্রুয়ারী : সাময়িক বার্তা; সমাচার দর্শন; ভক্তিগান; বালজগৎ

১৮ ফেব্রুয়ারী : সাময়িক বার্তা; নাটক; গীত

১৯ ফেব্রুয়ারী : সমাচার পত্রোঁ সে; শাস্ত্রীয় সংগীত; বার্তা; আপ কি পসন্দ

২০ ফেব্রুয়ারী : সাময়িক বার্তা; ভুলে বিসরে গীত; আপ কি পসন্দ

২১ ফেব্রুয়ারী : সাময়িক বার্তা; মহিলা-জগৎ; চিত্রপট সংগীত

২২ ফেব্রুয়ারী : সমাচার পত্রোঁ সে; লেখা জোখা (শেষ শুক্রবার); চিত্রপট সংগীত

২৩ ফেব্রুয়ারী : সাময়িক বার্তা; প্রাদেশিক সংগীত; সুগম সংগীত; আপ কা পত্র মিলা

২৪ ফেব্রুয়ারী : সাময়িক বার্তা; সমাচার দর্শন; ভক্তিগান; বালজগৎ

২৫ ফেব্রুয়ারী : সাময়িক বার্তা; নাটক; গীত

২৬ ফেব্রুয়ারী : সমাচার পত্রোঁ সে; শাস্ত্রীয় সংগীত; বার্তা; আপ কি পসন্দ

২৭ ফেব্রুয়ারী : সাময়িক বার্তা; ভুলে বিসরে গীত; আপ কি পসন্দ

২৮ ফেব্রুয়ারী : সাময়িক বার্তা; মহিলা জগৎ; চিত্রপট সংগীত

ইংরেজী অনুষ্ঠানঃ

সকাল ৪-১৫ মিঃ—৬-৪৫ মিঃ পর্যন্ত পূর্ব ও দক্ষিণ-পূর্ব এশিয়ার জন্য ৭৬·৮২, ৪১·৫৮, ৩১·৩৫ এবং ২৫·৬২ মীটারে; সকাল ৫-৪৫ মিনিটে
২৫·৬২ মীটারে; সকাল ৫-৪৫ মিনিট
পর্যন্ত ৪১·৪৭ মীটারে; উত্তর-পূর্ব এশিয়ার জন্য ৪১·৯৬, ৩১·৩৫ এবং ২৫·২২ মীটারে; (ক) সংবাদ সকাল ৪-৩০ মিঃ ও ৬-৩০ মিনিটে (খ) সংবাদ সমীক্ষা ৪-৪০ মিনিটে ও ৬-৩৫ মিনিটে (গ) সংবাদ পর্যালোচনা সকাল ৫-৪৫ মিনিটে

রবিবারঃ ভক্তিগীতি; কথিকা; যন্ত্রসংগীত; ছায়াছবির গান

সোমবারঃ কর্ণাটক যন্ত্রসংগীত; লঘু সংগীত; ছায়াছবির গান

মঙ্গলবারঃ ভক্তিগীতি; বেতার সংবাদ বিচিত্রা; লঘু যন্ত্রসংগীত; শ্রোতাদের চিঠির উত্তর; ছায়াছবির গান

বুধবারঃ যন্ত্রসংগীত; ছায়াছবির গান; অর্কেস্ট্রাল মিউজিক; কণ্ঠসংগীত; কথিকা

বৃহস্পতিবারঃ লঘু কর্ণাটক সংগীত; ছায়াছবির গান; লঘু সংগীত; লঘু শাস্ত্রীয় সংগীত

শুক্রবারঃ আঞ্চলিক সংগীত; ছায়াছবির গান

শনিবারঃ কর্ণাটক যন্ত্রসংগীত; কথিকা; বেতার সংবাদ বিচিত্রা; লঘু সংগীত

বেলা ৩-৩০ মিঃ—৪-৩০ মিঃ পর্যন্ত উত্তর-পূর্ব এশিয়ার জন্য ২৫·৫৯, ১৯·৭৫ ও ১৭·২৫ মীটারে; অস্ট্রেলিয়া ও নিউজীল্যান্ডের জন্য ২৫·৪৮, ১৯·৭৩ ও ১৬·৮৮ মীটারে; সংবাদ বেলা ৩-৩০ মিনিটে; সংবাদ সমীক্ষা ৩-৪০ মিনিটে; সংবাদ পর্যালোচনা ৪-২০ মিনিটে

রবিবারঃ যন্ত্রসংগীত; সাক্ষাৎকার অনুষ্ঠান; কণ্ঠসংগীত

সোমবারঃ বেতার সংবাদ বিচিত্রা; ছায়াছবির গান; অর্কেস্ট্রাল মিউজিক

মঙ্গলবারঃ কর্ণাটক যন্ত্রসংগীত; কথিকা; ছায়াছবির গান

বুধবারঃ ছায়াছবির গান; কথিকা; যন্ত্রসংগীত

বৃহস্পতিবারঃ সাংস্কৃতিক অনুষ্ঠান; লঘু যন্ত্রসংগীত

শুক্রবারঃ ভক্তিগীতি; বেতার সংবাদ বিচিত্রা; অর্কেস্ট্রাল মিউজিক

শনিবারঃ ছায়াছবির গান; ভারতীয় চলচ্চিত্র; লোকগীতি

রাত ৭টা—৮-৩০ মিনিট পর্যন্ত দক্ষিণ-পূর্ব এশিয়ার জন্য ২৫·৪০ ও ১৯·৫৬ মীটারে; সংবাদ রাত ৭টায় ও ৮-২৫ মিনিটে; সংবাদ সমীক্ষা রাত ৭-১০ মিনিটে; সংবাদ পর্যালোচনা রাত ৭-৫০ মিনিটে

রবিবারঃ ছায়াছবির গান; মহিলা জগৎ; সাক্ষাৎকার অনুষ্ঠান; অর্কেস্ট্রাল মিউজিক

সোমবারঃ লঘু শাস্ত্রীয় সংগীত; বেতার সংবাদ বিচিত্রা; শ্রোতাদের চিঠির উত্তর; ছায়াছবির গান

মঙ্গলবারঃ লঘু সংগীত; অর্কেস্ট্রাল মিউজিক; কথিকা; ছায়াছবির গান

বুধবারঃ রবীন্দ্রসংগীত; যন্ত্রসংগীত; কথিকা

বৃহস্পতিবারঃ শ্রোতাদের অনুরোধে; অন দি এক্সপোর্ট ফ্রন্ট

শুক্রবারঃ লঘু সংগীত; বেতার সংবাদ বিচিত্রা; যন্ত্রসংগীত; কথিকা; ছায়াছবির গান

শনিবারঃ লোকগীতি; ভারতীয় চলচ্চিত্র; সাক্ষাৎকার অনুষ্ঠান; ছায়াছবির গান

রাত ৩-১৫ মিঃ—সকাল ৪টা পর্যন্ত যুক্তরাজ্য ও পশ্চিম ইয়োরোপের জন্য ৪১·৫৮, ৩০·৫০ ও ২৫·৮২ মীটারে; ১-১৫ মিঃ থেকে ৩০·২৭ মীটারে; পূর্ব আফ্রিকার জন্য রাত ১১-১৫ মিঃ—সকাল ১-১৫ মিনিট পর্যন্ত ৩১·৩৩ ও ১৯·৮৯ মীটারে; পশ্চিম ও উত্তর আফ্রিকার জন্য সকাল ১-১৫ মিঃ—২-১৫ মিনিট পর্যন্ত ৩০·৭৫ ও ২৫·২৫ মীটারে; অস্ট্রেলিয়া ও নিউজীল্যান্ডের জন্য ৪১·৩২, ৩০·২৭ ও ২৫·২৫ মীটারে সকাল ২-১৫ মিনিট থেকে ৪টা পর্যন্ত; সংবাদ রাত ১১-৩০ মিনিটে; মধ্যরাত্রি ১২-৩০ মিনিটে এবং সকাল ১-৩০ মিঃ, ২-৩০ মিঃ ও ৩-৩০ মিনিটে; সংবাদ সমীক্ষা রাত্রি ১১-৪০ মিনিট, মধ্যরাত্রি ১২-৩৫ মিনিটে এবং সকাল ১-৪০ মিঃ, ২-৩৫ মিঃ ও ৩-৪০ মিনিটে; সংবাদ পর্যালোচনা মধ্যরাত্রি ১২-১৫ মিনিটে ও সকাল ১-১৫ মিঃ ও ২-১৫ মিনিটে

রবিবারঃ যন্ত্রসংগীত; মহিলা জগৎ; শ্রোতাদের অনুরোধে; লঘু সংগীত

সোমবারঃ যন্ত্রসংগীত; লোকগীতি; অর্কেস্ট্রাল মিউজিক; শ্রোতাদের চিঠির উত্তর; ছায়াছবির গান

মঙ্গলবারঃ কর্ণাটক যন্ত্রসংগীত: কথিকা; শ্রোতাদের অনুরোধে; ভক্তিগীতি

বুধবারঃ যন্ত্রসংগীত: লঘু সংগীত: বেতার সংবাদ বিচিত্রা; কথিকা; পর্যালোচনা

বৃহস্পতিবারঃ লঘু সংগীত: রবীন্দ্রসংগীত; শাস্ত্রীয় কণ্ঠসংগীত; লঘু শাস্ত্রীয় সংগীত

শুক্রবারঃ যন্ত্রসংগীত; লঘু সংগীত: কথিকা; ছায়াছবির গান; শ্রেতাদের কথিকা; ছায়াছবির গান; শ্রোতাদের অনুরোধে

শনিবারঃ লঘু সংগীত; সাক্ষাৎকার অনুষ্ঠান; ছায়াছবির গান; ভারতীয় চলচ্চিত্র

অন্যান্য অনুষ্ঠানঃ

মধ্যরাত্রিঃ ১২-১৫ মিঃ—১টা পর্যন্ত ফরাসী অনুষ্ঠান ৩০·২৭ ও ২৫·২৫ মীটারে

শেষরাত্রিঃ ৩-১৫ মিঃ—৪-১৫ মিঃ পর্যন্ত ক্যান্টোনিস অনুষ্ঠান ২৬৫·৫ ও ৪১·১৫ মীটারে

প্রত্যূষঃ ৫-৪৫ মিঃ—৬-৩০ মিঃ পর্যন্ত তামিল অনুষ্ঠান ২৬৫·৫, ৪৯·০২, ৪১·৭২ ও ৩০·২৭ মীটারে

সকালঃ ৬-১৫ মিঃ—৬-৪৫ মিঃ পর্যন্ত বর্মীয় অনুষ্ঠান ২৬৫·৫, ৪৯·২ ও ৩০·২৭ মীটারে ৭টা—৭-৪৫ মিঃ পর্যন্ত নেপালী অনুষ্ঠান ৫০৮·৫, ৪৯·১৪ ও ৪১·৫২ মীটারে ৭-৪৫ মিঃ—৮টা পর্যন্ত তিব্বতী অনুষ্ঠান ৫০৮·৫, ৪৯·১৪, ৪১·৫২ ও ৩০·৯১ মীটারে ৮-১৫ মিঃ—৯টা পর্যন্ত পুস্তু অনুষ্ঠান ৪৯·৮৩ ও ৪১·৫২ মীটারে ৯-১৫ মিঃ—৯-৩০ মিনিট পর্যন্ত পার্সিয়ান অনুষ্ঠান ১৯·৮৯ ও ১৭·২৫ মীটারে ৯-৩০ মিঃ—১০টা পর্যন্ত আরবীক অনুষ্ঠান ১৯·৮৯ ও ১৭·২৫ মীটারে ৯-৪৫ মিঃ—১০টা পর্যন্ত গুজরাটী অনুষ্ঠান ১৯·৮২ ও ১৬·৯৪ মীটারে ১০-০৫ মিঃ—১০-১৫ মিঃ পর্যন্ত কোঙ্কানি অনুষ্ঠান ১৯·৮২ ও ১৬·৯৪ মীটারে

দুপুরঃ ১২-৩০ মিঃ—১টা পর্যন্ত নেপালী অনুষ্ঠান ৩১·১৫ ও ৩০·৯১ মীটারে ১২-৪৫ মিঃ—১-৩০ মিঃ পর্যন্ত দারি অনুষ্ঠান ৩১·০১ ও ২৫·৫০ মীটারে ২-১৫ মিঃ—৩-১৫ মিঃ পর্যন্ত ইন্দোনেশীয়ান অনুষ্ঠান ১৯·৭৮ ও ১৬·৮০ মীটারে

বিকেলঃ ৪-৩০ মিঃ—৫টা পর্যন্ত বাংলা অনুষ্ঠান ৪২২·৫, ২৮০·৪ ও ৩১·০১ মীটারে ৪-৪৫ মিঃ—৫টা পর্যন্ত ফরাসী অনুষ্ঠান ১৬·৯৪ ও ১৩·৮৫ মীটারে ৪-৪৫ মিঃ—৫-৪৫ মিঃ পর্যন্ত বর্মীয় অনুষ্ঠান ১৯·৬৯ ও ১৬·৮৭ মীটারে ৫টা—৬টা পর্যন্ত তামিল অনুষ্ঠান ১৯·৫৬ মীটারে ৫-১০ মিঃ—৫-৩০ মিঃ পর্যন্ত থাই অনুষ্ঠান ১৬·৯৪ ও ১৩·৮৫ মীটারে ৫-৩০ মিঃ—৬-৩০ মিঃ পর্যন্ত সিন্ধি অনুষ্ঠান ২৮০·৪ ও ৪১·৩২ মীটারে ৫-৪৫ মিঃ—৬-৪৫ মিঃ পর্যন্ত ক্যান্টোনিস অনুষ্ঠান ২৬৫·৫, ৩১·১৭, ২৫·৮২ ও ১৯·৭৮ মীটারে

সন্ধ্যাঃ ৬টা—৬-৪৫ মিঃ পর্যন্ত তিব্বতী অনুষ্ঠান ৪১·১৮ ও ৩০·৯১ মীটারে ৬-১৫ মিঃ—৬-৪৫ মিঃ পর্যন্ত সিন্‌ধলি অনুষ্ঠান ১৯·৪৪ ও ১৬·৯২ মীটারে

রাতঃ ৭টা—৭-৩০ মিঃ পর্যন্ত দারি অনুষ্ঠান ২৮০·৪ মীটারে ৭টা—৮টা পর্যন্ত পাঞ্জাবী অনুষ্ঠান ৪২২·৫ মীটারে ৮টা—৮-১০ মিঃ পর্যন্ত নেপালী অনুষ্ঠান ২৬৫·৫ মীটারে ৮-১৫ মিঃ—৯-৩০ মিঃ পর্যন্ত পুস্তু অনুষ্ঠান ২৮০·৪ মীটারে ৮-১৫ মিঃ—৯-১৫ মিঃ পর্যন্ত পুস্তু অনুষ্ঠান ৭৬·৮২ মীটারে ৮-৪৫ মিঃ—৯-৪৫ মিঃ পর্যন্ত স্বাহিলী অনুষ্ঠান ৩১·৩৩ ও ১৯·৮৯ মীটারে ৯-৩০ মিঃ—১১টা পর্যন্ত পার্শীয়ান অনুষ্ঠান ২৮০·৪ মীটারে ৯-৪৫ মিঃ—১০-৪৫ মিঃ পর্যন্ত পার্শীয়ান অনুষ্ঠান ৭৬·৮২ ও ৩০·২৭ মীটারে ৮-৪৫ মিঃ—১০-৪৫ মিঃ পর্যন্ত রাশিয়ান অনুষ্ঠান ৪২·২২ ও ৩১·২০ মীটারে ১০-৩০ মিঃ—১১-১৫ মিঃ পর্যন্ত গুজরাটী অনুষ্ঠান ৩১·৩৩ ১৯·৮৯ মীটারে ১১টা—১টা পর্যন্ত আরবীক অনুষ্ঠান ২৮·৪ মীটারে ১১টা—১২টা পর্যন্ত আরবীক অনুষ্ঠান ৭৬·৮২ ও ৩০·২৭ মীটারে

আকাশবাণীর প্রাত্যহিক সংবাদ প্রচারের সময় ও মীটারসূচী

বাংলা ও সংস্কৃত

	সকাল ৬-২০	৭-২৫	৭-৩৫	৮-২০	৮-২৫ (জেলার চিঠি)	৮-৩৫	৯-০০	দুপুর ১-৩০	রাত ৭-৩৫	৭-৫০	৮-৩৫	১০-০৫ (মঙ্গলবার, শনিবার, ও মাসের প্রথম বৃহস্পতিবার)
কলকাতা	৩০০	৪৪৭·৮	৪৪৭·৮	৫০৮·৫	৪৪৭·৮	২৪৫·৯ (যুববাণী)	৪৪৭·৮ (৩০০ মীঃ সংস্কৃত সংবাদ)	৪৪৭·৮	৪৪৭·৮	৪৪৭·৮	৩০০ (যুববাণী)	৯-২০ ৪৪৭·৮
দিল্লী		৪১·৮৭ ৩০·৯১ ২৫·০২						৩১·২৫ ২৫·৬১ ১৯·৭৬	২৫·১৭ ৪১·১৮ ৩০·১৪			
শিলিগুড়ি	৪২৮·৬	৪২৮·৬	৪২৮·৬		৪২৮·৬			৪২৮·৬	৪২৮·৬	৪২৮·৬		৪২৮·৬
কার্সিয়ং					৬১·২৯		৬১·২৯		৪১·৪২			
আগরতলা		২৩৬·২	২৩৬·২				২৩৬·২	২৩৬·২	২৩৬·২	২৩৬·২		২৩৬·২
শিলচর		৩৪০·৯						৩৪০·৯	৩৪০·৯			

ইংরেজী

	সকাল ৭-০০—৭-০৫	৮-১০—৮-২০	৯-০৫—৯-১০	বেলা ১০-৫৫—১১-০০	দুপুর ১-০০—১-০৫ ২টা—২-১০	বিকেল ৩-৩০—৩-৩৫	৫-০৫—৫-১০	সন্ধ্যা ৬-০০—৬-০৫	৯-০০—৯-১৫	১০-৩০—১০-৩৫ ১১-০০—১১-০৫ শনিবার
দিল্লী	৭৬·৮২ ৪৯·৫৯ ৬০·৪৮ ৩১·১৫ ৪১·৮৭ ৩০·২৭ ৩০·৯১ ৪২·২২ ২৫·৩২	৫০৮·৫ ৪৯·৫১ ১৯·৬০ ৩০·০১ ৪২·১১ ২৫·২২ ২৫·৩২ ৩১·২৮ ৩১·১৫		৩১·২৫ .... ২৫·৬১ ৩০·৩১ ২৫·৩১ ৪১·১৩ ১৯·৭৮	.... ১৬·৮৮ ৪২·১১ ২৫·৬১ .... ২৫·২৪ ১৯·৭৬ ৩০·১৯ ১৯·৫৩ ২৫·১৯	৪২·১৩ ১৯·৮২ ৩০·৯১ ১৯·৭৮		৩১·৩৩ ৪৮·৭০ ২৫·৩২ ১৯·৪৪ ১৬·৮১ ৭৬·৮২	২৬৫·৫ ৬৩·৬০ ৯১·০৫ ৭৬·৪৩ ৬১·৭৩ ৪৮·৮২ ৪২·১১ ৪১·১৮ ২৯·০৩ ২৫·৩১ ৪১·৭০ ২৫·৩১	৩১·১৭ ৪৮·৮২ ৯১·০৫ ৭৬·৪০ ৬৩·০৩ ৪১·১৮ ৪১·৭০ ৩১·১৭ ২৯·০৩ ২৫·৩১
কলকাতা	৩০০ ৬২·২৪	৩০০·০০ ২০৬·২	৩০০·০০		৩০০·০০			৩০০·০০		৩৯৪·৭
আগরতলা	২৩৬·২		২৩৬·২				২৩৬·২			
বোম্বাই	৫৪৫·৫ ৯১·০৫	২৮৮·৫				৫৪৫·৫		২৩৬·২ ২৮৮·৫	২৩৬·২ ২৮৮·৫	
শিলিগুড়ি	৪২৮·৬	৪২৮·৬						৪২৮·৬		
কার্সিয়ং		৬১·২৯		৬১·২৯					৮৯·৪২	
লক্ষ্ণৌ	৩৯৪·৭ ১৩·৬০	৩৯৪·৭		৩৯৪·৭ [illegible]					৮৯·৪২ ৩৯৪·৭	৩৯৪·৭ ৩৯·৭
এলাহাবাদ	৩১৫·৭৯	৩১৫·৭৯		৩১৫·৭৯					১৩·৬০	১৩·৬০
গৌহাটি	৭০·৭০ ৮৮·৮৯	৪১·৯৬						২৯১·২৬	৩১৫·৭৯ ৮৮·৮৯	৩১৫·৭৯ ৮৮·৮৯
পাটনা	৪৮৩·৯	৪৮৩·৯							৪৮৩·৯	৪৮৩·৯
কটক	৩১০·৯	৩১০·৯						৩১০·৯	৩১০·৯	৩১০·৯

কলকাতা

ক

শিলিগুড়ি ও আগরতলা

*

প্রথম অধিবেশন

৫-৫৫ **বন্দেমাতরম্**
৬-০০ **সুভাষিত**
৬-০৫ **সংগীতাঞ্জলি**
৬-৩০ **সুবন্ধ সংগীত**
ভি. জি. যোগ ও সাগিরউদ্দীন খাঁ—বেহালা ও সারেঙ্গী (গুর্জরি টোড়ি, হিন্দোল, মলয় মারুত্তম ও চারুকেশী)
৬-৪৫ **দেশবন্দনা**
৬-৫৫ **মল্লিনাথ মুখোপাধ্যায়**
গীটার
৭-০০ **বৃন্দগান**
পরিবেশনা—আকাশবাণীর সমূহ-গীতি-কণ্ঠ; পরিচালনা—রুমা গুহঠাকুরতা
৭-১০ **আবহবার্তা ও অনুষ্ঠান পরিচিতি (বাংলা ও ইংরেজী)**
৭-১৫ **শিখা ঘোষ—কীর্তন**
৭-২৫ **বাংলা সংবাদ**
৭-৩৫ **স্থানীয় সংবাদ (বাংলা)**
৭-৪০ **দ্বিজেন মুখোপাধ্যায়**
রবীন্দ্রসংগীত
৮-০০ **লোকগীতি**
৮-১৫ **মৃণাল চক্রবর্তী—আধুনিক**

৮-২৫ **জেলার চিঠি**

৮-৩০ **জ্ঞানদায়িনী ঃ**
সংগীতালেখ্য; রচনা—রাখাল রায়চৌধুরী
৯-০০ **বাংলা সংবাদ**
৯-০৫ **সংগীত শিক্ষার আসর**
পরিচালনা—পঙ্কজকুমার মল্লিক

৯-৩০ **শিশুমহল ঃ**
প্রণমি তোমারে ঃ স্বামী বিবেকানন্দ ঃ কথিকা—রাণা বসু; রবীন্দ্রকবিতা আবৃত্তি; শ্যামাসংগীত; রবীন্দ্রসংগীত; চিঠির উত্তর

১০-০০ **ইংরেজী সংবাদ**
১০-০২ **অবকাশরঞ্জন +**
১০-০৫ **শ্রীকান্ত বাকরে—খেয়াল**
১০-৩০ **বলরাম পাঠক—সেতার**
১১-০০ **সমাপ্তি**

দ্বিতীয় অধিবেশন

১২-৩০* **অনুরোধের আসর +**
নজরুলগীতি, লোকগীতি, দ্বিজেন্দ্রগীতি, অতুলপ্রসাদী ও রজনীকান্তের গান (শিলিগুড়ি ঃ ১২-৩০ মিঃ—১টা পর্যন্ত নেপালী অনুষ্ঠান)
১-০০ **অনুরোধের আসর +**
১-৩০ **বাংলা সংবাদ**
১-৪০ **মল্লিনাথ মুখোপাধ্যায়**
গীটার
১-৫০ **সুর ও বাণী**
রচনা—সুধীন দাশগুপ্ত
২-০০ **গীতলেখা +**
নির্বাচিত রবীন্দ্রসংগীত
২-২৬ **আবহবার্তা**

২-৩০ **অমৃত কুম্ভের সন্ধানে ঃ**
(প্রথম পর্ব)
বাংলা নাটক; কাহিনী—কালকূট; বেতাররূপ—জ্যোতু বন্দ্যোপাধ্যায়; প্রযোজনা—বিনতা রায়

৩-২০ **যন্ত্রসংগীত**
৩-৩০ **সমাপ্তি**

তৃতীয় অধিবেশন

৩-৪৫ **গল্পদাদুর আসর**
৪-১৫ **স্পোর্টস সার্ভিস**
(দিল্লী থেকে পুনঃসম্প্রচার)
৫-৫০ **গৌরীকেদার ভট্টাচার্য**
রামপ্রসাদী
(শিলিগুড়ি ও আগরতলা ঃ ৫-১৫ মিঃ সেনাবাহিনীর জন্য অনুষ্ঠান; অতঃপর সংগীত +; ৬টায় ইংরেজী সংবাদ; ৬-০৫ মিঃ হিন্দী সংবাদ)
৬-০০ **স্থানীয় ঘোষণা ও আবহবার্তা**
৬-০৫ **মল্লিনাথ মুখোপাধ্যায়**
গীটার
৬-১০ **মজদুরমণ্ডলী**
ওদের কথাও ভাবুন ঃ বেকারদের কথা ঃ কথিকা—মৃগেন মুখোপাধ্যায়; কাওয়ালী +; আজকের কথা
৬-৩০ **শ্রীভবন**
অমরবাণী; নানা কথা; রান্নাঘরের পরিচ্ছন্নতা কিভাবে আনা যায়; অলকা রায়ের সঙ্গে আলোচনা; ভ্রূণমোচন আইন কি ও কেন ঃ আলোচনা
৬-৫৫ **কৃষিকথার আসর**
এ সময়ের চাষ; কথিকা; বোরো ধানের মাজরা ঃ কথিকা; কৃষি গবেষণার ফলাফল পর্যালোচনা ঃ ক্ষেতখামারে সাফল্য; চিঠির উত্তর; আবহাওয়ার খবর
৭-২৫ **যুববাণী থেকে**
৭-৩৫ **বাংলা সংবাদ**
৭-৪৫ **সমীক্ষা**
৭-৫০ **স্থানীয় সংবাদ (বাংলা)**
৮-০০ **সবিনয় নিবেদন**
৮-১৫ **এ মাসের গান**

কথা—শ্যামল গুপ্ত;
সুর—নচিকেতা ঘোষ;
শিল্পী—সন্ধ্যা মুখোপাধ্যায়

৮-২০ **শর্বাণী হোম**
রবীন্দ্রসংগীত
৮-৩০ **দ্বিজেন মুখোপাধ্যায়**
আধুনিক
৮-৪৫ **মানসী পাল—লোকগীতি**
৯-০০ **বলরাম পাঠক—সেতার**
৯-৩০ **ছায়াছবির গান +**
১০-০০ **সংবাদ পরিক্রমা**
১০-০৫ **বাংলা সংবাদ**
১০-১৫ **সংবাদ বিচিত্রা**
১০-৩০ **মৃণাল চক্রবর্তী—আধুনিক**
১০-৪০ **শর্বাণী হোম**
দ্বিজেন্দ্রগীতি
১০-৫০ **দ্বিজেন মুখোপাধ্যায়**
রবীন্দ্রসংগীত
১১-০০ **আবহবার্তা ও সমাপ্তি**

কলকাতা খ

প্রথম অধিবেশন

৫-৫৫ **কলকাতা ক-এর অনুরূপ**
৬-০০ **হিন্দী সংবাদ**
৬-০৫ **বকুল গীতিসংস্থা ঃ**
লোকগীতি
৬-২০ **বাংলা সংবাদ**
৬-৩০ **কলকাতা ক-এর অনুরূপ**
৭-০০ **ইংরেজী সংবাদ**
৭-০৫ **গৌরী ঘোষ—ভক্তিগীতি**
৭-১০ **কলকাতা ক-এর অনুরূপ**
৭-৪০ **অনাথনাথ বসু—ভজন**
৭-৪৫ **সংস্কৃত শিক্ষা**
৮-০০ **হিন্দী সংবাদ**
৮-১০ **ইংরেজী সংবাদ**
৮-২০ **গৌরীকেদার ভট্টাচার্য**
শ্যামাসংগীত
৮-৩০ **কলকাতা ক-এর অনুরূপ**
৯-০০ **সংস্কৃত সংবাদ**
৯-০৫ **নিউজ লেটার ইন ইংলিশ**
৯-১০ **সমাপ্তি**

দ্বিতীয় অধিবেশন

১২-৩০* **কলিং অল চিলড্রেন**
১-০০ **ইংরেজী সংবাদ**
১-০৫ **হাইলাইটস্ অব ওয়েস্টার্ন মিউজিক**
১-০৬ **মিউজিক্যাল ব্যান্ড বক্স +**
২-০০ **ইংরেজী সংবাদ**
২-১০ **পাশ্চাত্ত্য সংগীত +**
২-৩০ **মন্থর গতিতে ইংরেজী সংবাদ**
৩-০০ **সমাপ্তি**

তৃতীয় অধিবেশন

৬-০০ **ইংরেজী সংবাদ**
৬-০৫ **স্থানীয় ঘোষণা ও আবহবার্তা**
৬-১০ **আরতি দাশগুপ্ত**
আধুনিক
৬-২০ **গৌরীকেদার ভট্টাচার্য**
শ্যামাসংগীত
৬-৩০ **শর্বাণী হোম**
অতুলপ্রসাদের গান
৬-৪০ **বকুল গীতিসংস্থা ঃ**
লোকগীতি
৬-৫৫ **গৌরী ঘোষ—ভক্তিগীতি**
৭-১৫ **সাঁওতালদের জন্য অনুষ্ঠান**
৭-৩০ **লোকগীতি**
৭-৩৫ **মধুসূদন বন্দ্যোপাধ্যায়**
সেতার
৮-০০ **ইংরেজী সংবাদ**
(খেলাধুলো)
৮-০৫ **লোকগীতি**
৮-১৫ **বেচু দত্ত—রাগপ্রধান**
৮-২৫ **শিখা ঘোষ—কীর্তন**
৮-৩৫ **মৃণাল চক্রবর্তী**
রবীন্দ্রসংগীত
৮-৪৫ **হিন্দী সংবাদ ‡**
৯-১৫ **উল্লেখ্য অনুষ্ঠান**
৯-২৫ **অবকাশরঞ্জন +**
৯-৩০ **ঘটনা প্রবাহ**
১০-০০ **পাশ্চাত্ত্য সংগীত +**

১০-৩০ **শ্রীকান্ত বাকরে—খেয়াল**

১১-০০ **আবহবার্তা ও সমাপ্তি**

কলকাতা গ

বিবিধ ভারতী অনুষ্ঠান

সকাল ৭টা—৯-৩০ মিঃ; ১০-১৫ মিঃ—১২-৩০ মিনিট; দুপুর ২টা—রাত ১১-১০ মিনিট

পূর্বাঞ্চলীয় শ্রোতাদের জন্য বিশেষ অনুষ্ঠান

(প্রথম ও দ্বিতীয় অধিবেশন ৫০৮·৫ মীঃ)

প্রথম অধিবেশন

৮-২০ **বাংলা সংবাদ**
(৭-২৫ মিনিটে প্রচারিত সংবাদের পুনরাবৃত্তি)
৮-৩০ **দেশগান**
৮-৪০ **বেচু দত্ত—আধুনিক**
৮-৫০ **মানসী পাল—লোকগীতি**
৯-০০ **কলকাতা ক-এর অনুরূপ**
৯-৩০ **আরতি দাশগুপ্ত**
নজরুলগীতি
৯-৪০ **অনাথনাথ বসু—খেয়াল**
১০-০০ **সমাপ্তি**

দ্বিতীয় অধিবেশন

২-৩০ **অনাথনাথ বসু**
খেয়াল ও ঠুংরী
৩-০০ **গৌরী ঘোষ—আধুনিক**
৩-১০ **মল্লিনাথ মুখোপাধ্যায়**
গীটার
৩-২০ **শিখা ঘোষ—কীর্তন**
৩-৩০ **মধুসূদন বন্দ্যোপাধ্যায়**
সেতার
৪-০০ **আরতি দাশগুপ্ত**
নজরুলগীতি
৪-১০ **বেচু দত্ত—রাগপ্রধান**
৪-২০ **মানসী পাল**
রবীন্দ্রসংগীত
৪-৩০ **গৌরী ঘোষ—আধুনিক**
৪-৪০ **বলরাম পাঠক—সেতার**
৫-০০ **সমাপ্তি**

তৃতীয় অধিবেশন

৭-২৫ **কলকাতা ক-এর অনুরূপ**
৮-৪৫ **সমাপ্তি**

চতুর্থ অধিবেশন

৯-৩০ **কলকাতা ক-এর অনুরূপ**
১০-৩০ **সমাপ্তি**

সহরের সুপরিচিত নিলামঘর

উচ্চাঙ্গের আসবাবপত্র ও গৃহসরঞ্জাম প্রতি রবিবার নিলামে বিক্রয় করা হয়। নানা ডিজাইন ও নানা রুচিসম্মত জিনিস এখানেই পাওয়া যায়। নিলামের জন্য জিনিস লওয়া হয়।

ষ্টৈনর এণ্ড কোং

কারনানি ম্যানসন, ২৫বি, পার্ক স্ট্রীট
কলিকাতা ১৬
ফোন ঃ ২৪-৯৩০২

* সময়-সংকেত + গ্রামোফোন রেকর্ড ‡ এর পর সংবাদ

কলকাতা

ক

শিলিগুড়ি ও আগরতলা

*

প্রথম অধিবেশন

৫-৫৫ বন্দেমাতরম্
৬-০০ সুভাষিত
৬-০৫ সংগীতাঞ্জলি
৬-২৫ চাষীভাইদের বলছি ঃ কথিকা
৬-৩০ সুবন্ধ সংগীত
বাহাদুর খাঁ—সরোদ
এই টেস্টে প্রসন্ন দু'ইনিংস মিলিয়ে ১১১ রাণের বিনিময়ে ৯টি উইকেট ও বেদীর সংগ্রহ ৬টি উইকেট ৬৯ রাণে। চীপকের এই টেস্ট মিলিয়ে প্রসন্ন সর্বসাকুল্যে উইকেট পেয়েছেন টেস্ট জীবনে ১৫২টি। সুভাষ গুপ্তের চেয়ে ৩টি বেশী। এবং মানকড়ের চেয়ে ১০টি কম। এই টেস্টে জয় শুধু প্রসন্নের জন্যই সম্ভব হয়েছে বললে অত্যুক্তি করা হয়। ফিল্ডিংয়েও ভারত লক্ষণীয় উন্নতি দেখিয়ে ওয়েস্ট ইন্ডিজের ইনিংস ২০০ রাণের মধ্যে বেঁধে রাখে। এই সিরিজের আগের টেস্ট ম্যাচগুলোতে ওয়েস্ট ইন্ডিজের চাপে প্রায়ই ভারতীয় ফিল্ডিং ছত্রভংগ হয়ে গেছে। কিন্তু চীপকে একটাও ক্যাচ পড়ে নি। এর মধ্যে কয়েকটি কঠিন ক্যাচও ছিল। সোলকার ২৪টি টেস্টে ৪৮টি ক্যাচ ধরার অনন্য নজীর গড়েছেন। ক্যাচ ধরলে ম্যাচ ধরা যায় ক্রিকেটের এই প্রবাদ চীপকে প্রমাণিত হয়েছে।

সারা বিশ্ববাসী বিস্ফারিত নেত্রে দেখলো ভারতের পর পর দুটো জয়কে। দু'বার পরাজয়ের পর ভারত আবার পর পর দুটো টেস্টে জিততে পারে এ যেন বিশ্ববাসীর কাছে তো বটেই, ভারতবাসীর কাছেও বিস্ময়ের বস্তু।

পঞ্চম তথা শেষ টেস্ট ম্যাচ বোম্বাইয়ের নবনির্মিত ওয়াংখাড়ে স্টেডিয়ামে অনুষ্ঠিত হয়। এই খেলার সীমা ছয় দিনের। পাঁচ দিনের পরিবর্তে ছ' দিনের ফলে ওয়েস্ট ইন্ডিজ 'রাবার'কে পুনরুদ্ধার করে নিয়ে যেতে পারলো। সম্ভব হল না পতৌদির পক্ষে আর ব্র্যাডম্যানের সেই অপূর্ব নজীরকে স্পর্শ করা। এক বড় রাণের (২০১) ব্যবধানে পরাজিত হতে হয় ভারতকে। অথচ আর একটু শক্ত হাতে যদি সকলে ব্যাট ধরতে পারতেন তাহলে এই ম্যাচে হার হত না। খেলার প্রথমদিন লয়েড পতৌদিকে টসে হারিয়ে দিয়ে ব্যাট করতে নামেন—ভারতীয় বোলারদের বিন্দুমাত্র সমীহ না করে ভারতের জয়ের সামনে এক বিরাট রাণের পাঁচিল তুলে দেন। ছ'ছবার অব্যাহতি পেয়ে ক্লাইভ লয়েড জীবনের সর্বোচ্চ রাণের নজীর গড়েছেন। লয়েডের জীবনে অপরাজিত ২৪২ রাণ এক অনবদ্য অবিস্মরণীয় ইনিংস। ডেরেক মারের ৯১ রাণ তাঁর টেস্ট ক্রিকেটে সর্বোচ্চ সংগ্রহ! কিন্তু কালীচরণের দুর্ভাগ্য ৯৮ রাণে বিশ্বনাথের হাতে কট আউট হন। ছয় উইকেটে ৬০৪ রাণ করে ওয়েস্ট ইন্ডিজ দান ছেড়ে দেন। ভারতের একমাত্র সফল বোলার হিসাবে কারসন ঘাউড়ি ১৪০ রাণে চারটি উইকেট পান। এই ৬০৪ রাণের মস্ত বড় ইনিংসকে ঘাড়ে নিয়ে ব্যাট করতে নেমেই শূন্যে রাণে ইঞ্জিনীয়ার আউট হন। কিন্তু গাভাসকার (৮৬), সোলকার (১০২), বিশ্বনাথ (৯৫), গাইকোয়াড় (৫১) এবং শেষে ব্রিজেশ প্যাটেলের সমবেত প্রচেষ্টায় ভারত প্রথম ইনিংসে ৪০৬ রাণ করে কোনক্রমে ফলো অন এড়ায়। প্রথম ইনিংসে একমাত্র সোলকার জীবনের সর্বপ্রথম টেস্টে শতরাণ করেন। প্রথম ইনিংসে প্রবীণ ল্যান্স গিবস ৯৮ রাণে সাতটি উইকেট দখল করে দেখিয়ে দেন এখনও তিনি পুরানো সম্ভ্রমের অধিকারী। দ্বিতীয় দফায় ওয়েস্ট ইন্ডিজ তিন উইকেটে ২০৫ রাণ করে। মোট ৮০৯ রাণের এত বড় ইনিংসের জবাবে ভারত করলো ৬০৮ রাণ যার মধ্যে প্রথম ইনিংসের সংগ্রহ, ৪০৬ আর দ্বিতীয় দফায় ২০২। রবার্টসের বলের দাপটে দ্বিতীয় ইনিংসে ২০২-এর বেশি রাণ ভারত তুলতে পারেনি। অর্থাৎ ২০১ রাণে হেরে গিয়ে ভারত ওয়েস্ট ইন্ডিজের হাতে 'রাবার' তুলে দিল।

এই টেস্টে ভারত হেরেছে ভুরি ভুরি ক্যাচ ফেলার জন্য। টসে জেতার বাড়তি সুযোগ তথা ভারতীয় ফিল্ডারদের ক্যাচ ফেলায় ওয়েস্ট ইন্ডিজ দলের পক্ষে সিরিজ জয়ের পথ সুগম হয়।

অবশ্য এই ক্যাচ ধরায় ভারতীয় দলের কয়েকটি রেকর্ডও স্থাপিত হল। ভারতের উইকেটরক্ষক ফারুক ইঞ্জিনীয়ার প্রথম ইনিংসে রিচার্ডসের ক্যাচটি লুফে ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে ভারতীয় উইকেট রক্ষকদের মধ্যে সব থেকে বেশি খেলোয়াড়কে আউট করার নজীর সৃষ্টি করেছেন। ইঞ্জিনীয়ার আউট করেছেন ন'জনকে—আটটি ক্যাচ ও একটি স্ট্যাম্পড। ফলে তিনি ১৯৪৮-৪৯ সালে গড়া জন গর্ডাডের ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে প্রবীর সেনের আটজনকে আউট করার নজীরটি ভেঙেছেন।

সোলকার তাঁর জীবনের ২৫তম টেস্টে হাজার রাণের গন্ডীকে ডিঙিয়ে গেলেন। চলতি পর্যায়ে দুটি ইনিংসে সোলকারের রাণের গড় ছিল ৯·৫০। সেঞ্চুরী করায় তিনি ১৯৭২-৭৩ সালের হৃত গৌরব ফিরে পেয়েছেন।

মুক্তিযুদ্ধে মহিলা……(শেষাংশ)

মোকর্দমায় শ্রীসান্যাল তার উকিল হিসেবে দাঁড়ালে তিনি বিরক্তি প্রকাশ করেন।

আজ স্বাধীন ভারতবর্ষে স্বাধীনতার জন্যে যাঁরা অশেষ ত্যাগ ও দুঃখ স্বীকার করেছেন তাঁদের স্বীকৃতি ও সম্মান জানানো হয়েছে। কিন্তু যাঁরা পর্দার নেপথ্যে থেকে কাজ করে গেছেন, যাঁরা সাময়িকভাবে পর্দার বাইরে এসে আবার ভিতরে ফিরে গেছেন — আইনানুসারী ছ'মাসের কারাবরণ না করায় বিচারকদের কলম তাঁদের কাছ পর্যন্ত পৌঁছয়নি। মুক্তিযোদ্ধার ভাতা বা তাম্রপত্র তাঁদের নাগালের বাইরে রয়ে গেছে। বীরাঙ্গনা চুন্নুকুমারীর প্রসঙ্গ এলো সেইজন্যেই।

চুন্নুকুমারী দেহত্যাগ করেন ১৯৬০ সালের আগস্ট মাসে। তাঁর ছয় পুত্র এবং এক জামাতা—মোট সাতটি সন্তানের ছয়জনই মুক্তিযোদ্ধার ভাতা ও তাম্রপত্রে অভিষিক্ত। সাত সন্তানের জননীর সাতটি সন্তানই দেশের জন্য অঞ্জলি প্রদত্ত—এর জুড়ি স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে বিরল।

অরণ্যের অধিকার (শেষাংশ)

স্ট্রিট্‌ফিল্ড্ জেকবের সকল আপত্তি ফাইল করায়ে দিল। বলল, বীরসা! আমি সব রেকড করাছি। এ আইন আবার নতুন করে হবে। কিন্তু কলকাতা হতে জন উডবান, লেফটে-নায়ট সরকার চলে এল রাঁচি। বলে দিল বীরসা মুণ্ডা যে হাঙ্গামা করাছে তাতে মুণ্ডাচাষী খেপে আছে। এখন, ওদের সুবিধা হয় এমন কোনো কথা আইনে ঢুকাবে না।'

গয়া মুণ্ডা বলল, 'তাতেই দেখ! জমিদার এখন বেধ-বেগারী নিচ্ছে, খাজনাও নিচ্ছে। কে দিবে খাজনা? কার ঘরে দুটা রুপার টাকা মজুত আছে? আজ দু-বছর তুমি জেহেলে! তুমি ধরতি-আবা, তুমি জেহেলে! ধরতি ফসল দিতে পারে? দু-বছর ধরতি জ্বলে খাক হয়ে রাতেদিনে শাঁস ফেলাচ্ছে কি! জঙ্গল জ্বলে গেল, নদীতে জল হয় না। জমিদার বলে, তোদের তরে সরকার আইন করাছে, যা, মামলা করগা যা। তাতেই মোরা চোর হলাম।'

—'চোর হলে?'

—'হ্যাঁ ভগবান! তুমি জেহেলে। এদিকে দু-বছর ফসল নাই, খয়রাতি নাই, ধারকর্জ নাই, খাজনা বেড়ে গিয়াছে, বেধ-বেগারীর হাঁকোড় খুব বেশি হয়াছে। তা হতে ধানী বলল, চল্ ধান লুটিগা। জমিদারের ঘরে ধান রইতে মোরা শুকায়ে মরব? তা হতে ধান চুরি করি মোরা। সেই হতে তো সরকার পিটুনি খাজনা জারি করাছে। যে গ্রামে ধান চুরি হবে, সে গ্রামে খাজনা হবে। তা মোরা এখন আগে হতে বলে রাখি। টান ভাঙি, চাল নিই, রাতেভিতে জঙ্গলে পলাই। মুণ্ডাদের জানায়ে যাই, কেও পিটুনী দিতে গ্রামে রয় না। জঙ্গলে পলায়।'

ধানী বলল, 'আবার ঘরে ফিরি। আবার পলাই। এখন মুণ্ডারা জেনে গিয়াছে তুমি বিনা তাদের গতি নাই।'

বীরসা বলল, 'বোর্তোদিতে সালীর ঘরে সবারে ডাক। সেথা যেয়ে সব ঠিক করব।'

—'করবে?'

—'হ্যাঁ।'

সবাই চলে গেল একে একে। তবু বীরসার ঘুম আসে না। খাটিয়ায় শুয়ে সে চেয়ে রইল আকাশের দিকে। ভগবান সে! ভগবানই তো! ভগবান না হলে সে ডাক দিলে সব মুণ্ডা এল কেন? ভগবান আসে, যখন একটা যুগ অন্ত হয়। এও তো যুগ অন্ত হবার সকল লক্ষণ দেখা যাচ্ছে। 'সেঙেল-দা' দয়ে, আগুন বৃষ্টি হয়ে মুণ্ডাদের দেশ জ্বলে গেছে। কোথায় সরকার, কোথায় মুণ্ডা। মাঝখানে জালের মত বিছিয়ে আছে দিকুদের জগৎ। এখনই তো ভগবানের দরকার ছিল!

কিন্তু নিজের ভেতর থেকে বীরসা যে নির্দেশ পায়, সে নির্দেশ এখনো কেন পাচ্ছে না? শরীরটা কারাগারে থেকে অশুচি হয়ে গেছে বলে?

ধীরে ওর পায়ের ওপর দিয়ে গা অবধি কে যেন রজাই বিছিয়ে দিল।

—'কে, মা?'

—'হ্যাঁ রে! তুই ঘুমাস নাই?'

'না মা! এ রজাই কোথায় পেলে?'

'তোর তরে বানায়েছি বাপ। তুষ ভরে দিয়াছি, তুলো পাব কোথা? কাপড় আনল তোর দিদি। মোরা মা-মেয়েতে সিঁয়ালাম।'

—'এমন রজাই তুই কাঁচিবেলা দিস নাই।'

—'কাঁচিবেলা সব তুষের ভেতর ঢুকে ঘুমাতি।'

—'ওম্ হত কেমন!'

—'রজাই দিতে পারি নাই, আদর করতে পারি নাই, পরবে মাথায় গুঁজবি, তা নতুন কাঁকই দিতে পারি নাই।'

—'দাদা কাঁদত খুব?'

—'কাঁদত, বাহানা করত! তুই আমায় কোনো দুঃখ দিস নাই বাপ এখন এত দুঃখ দিবি বলে?'

—'কেন এত দুঃখ মা?'

—'হা রে বীরসা! জগতের দুঃখ বুঝিস, যে মা তোরে ধরতি দেখাল তার দুঃখ বুঝিস না? তুই ভগবান হয়াছিস, ভাল! কিন্তু এখন যে বাপ, তুই যে-পথে চলাছিস, সে-পথে গেলে সরকার তোরে মারবে।'

—'সরকার রইবে না মা!'

—'রইবে না!'

—'না মা! আবার আমাদের দেশ আমাদের হবে। স—ব পেয়ে যাবি তুই। সকল মুণ্ডা দেশ জিনে নিয়ে তোরে এনে দেব। তুই দুঃখ করিস কেন?'

কর্‌মি কাঁদতে কাঁদতে বলল, 'কাল হতে তুই আবার সকলের হয়া যাবি। মোরে তোর কাছকে যেতে দিবে না কেউ। আজ আমার কাছকে ঘুমা টুকখানি। তোরে একবার বুকে ধরি।'

বৃদ্ধা জরতী কর্‌মি পৃথিবী-দেবতাকে বুকে জাপটে শুয়ে রইল। বাইরে শীত, উত্তুরে বাতাস। কর্‌মির বোবা কান্নার মত জঙ্গলটা বিলাপ করতে লাগল বাতাসের দাপটে।

ভগবান আসবে, তার ঘরে আসবে। সালী মানি পাহানী আর অন্য মেয়েদের নিয়ে উঠোন ঝেঁটিয়ে নিকিয়ে ঝকঝকে করল। ডোনকা ও অন্য বীরসাইত পুরুষরা উঠোনের এক কোণে নতুন ঘর বাঁধল, ভগবান থাকবে। জঙ্গলের গহীনে বোর্তো-দির কুণ্ডী। সে কুণ্ডীর জল কোনো কালে শুকোয় না। গ্রামে সবাই ক্ষার সিজিয়ে কাপড় কাচল, তেল মেখে চুল আঁচড়াল। সবাই হলুদ বেটে কপালে, গলায় মাখল।

এই যে ঘরে-ঘরে চাল ছিল না, এখন যে যা পারল নিয়ে এল। মান্-কিনীর মত বসে-বসে সালী সব চাল, লবণ, ডাল রাখল ডোলে-ডোলে। এখন আবার বীরসাইতরা আসবে। কি বলে ভগবান, যদি বলে এখানেও ঘাঁটি হবে একটা? তারপর মহুয়া তেলে মাথা ভিজিয়ে রিঠাফলের ক্বাথ নিয়ে সালী কুণ্ডীতে স্নান করতে গেল। রিঠার ক্বাথে গা সাফ করে খুব। এক বোরা রিঠা সালীর ঘরেই ছিল। ধুঁধুলের খোসায় গা-হাত-মুখ ঘষে স্নান করল সালী। কুণ্ডী থেকে উঠে সাফ কাপড় পরে চেটালো একটা পাথরে বসল চুল খুলে। চুল শুকোবে, চুল বাঁধবে কাঠের কাঁকই গুঁজে।

টুপ করে কে ওর পায়ের কাছে পাথর ছুঁড়ল। বলোয়া হাতে ছিটকে উঠল সালী। তারপর বলল, 'কে? পরমী? ধুরাই মুণ্ডার বোন?'

—'হ্যাঁ।'

—'হেথা এলি?'

—'তোর সঙ্গে কথা বলব বলে।'

—'আমার সাথে!'

—'হ্যাঁ। তুই মোরে বলে দে কি করব।'

—'কেন?'

—'দেখ্, ভগবান জেহেলে যাবার আগে বাপরে বালা-খাড়ু-শাড়ি দিয়া গেল। বলে গেল, তোর মেয়ের সঙ্গে আরদি হবে আমার।'

—'তোর ভাগ্য!'

পরমী মুখ ফেরাল। কাঁদতে লাগল।

—'কাঁদিস কেন?'

—'এমন আরদি আমি চাই না রে। সে কোথা রইবে, আমি কোথা রইব। স্ত্রী-পুরুষে যেমন থাকে তেমন থাকব না। খালি বীরসাইতদের ভাত রাঁধব, হলুদ বাটব, তাদের কাজে ছুটাছুটি করব, এমন আরদি আমি চাই না।'

—'কনু কি বলে?'

—'আর কি বলে! সেও বীরসাইতটা হয়াছে। বাপ তাই, দাদা তাই! ভগবানরে বালা-খাড়ু ফিরা দিলে, সে কথা ফিরায়ে দিলে তবে কনু মোরে আরদি করবে।'

—'আমারে বলিস কেন?'

—'তোর ঘরে আসতেছে, তুই বললে ভগবান কথাটা নিবে। তুই বল্‌গা সালী!'

—'এই কথা!'

সালীর বুক থেকে যেন পাষাণ নেমে গেল। সালী বলল, 'বলব। দেখ্, দেখ্ পরমী! কুণ্ডী এতদূরে বলে কেউ আসে না। তেলাকুচা পেকেছে কত! পাখিতেও জানে নি? নে, ছিঁড়ে নিয়ে যাই। কড়ুয়া তেলে মরিচে তেলাকুচা ভাজব।'

—'দাঁড়া। পাতা ছিঁড়ে ডুলি বানাই দুটা।'

দুজনে তেলাকুচো তুলতে লাগল।

সালী বীরসার পায়ে জল ঢেলে দিল, আঁচল দিয়ে জল মোছাল। বসতে নতুন পিঁড়ি দিল। অন্য মেয়েরা হাত জোড় করে বসে রইল।

—'ভগবান! একটা কথা।'

—'বল?'

—'পরমী হতে বালা-খাড়ু তুমি ফিরা নিবে। ও ঘর চায়, ছেলা চায়, পাঁচটা বিয়াতির মাথায় তেলসিঁদুর দিতে চায়।'

—'তাই হবে।'

—'তারে তুমি শাপ দিবে না।'

—'না।'

—'বাস, আর কথা নাই।'

—'তুই আমায় কিছু দিবি না?'

—'কি দিব? আমার মরদরে নিয়াছ। এই ঘর-আঙিনা-টাল দিয়ে দিয়াছি তোমার কাজে। আর তো আছে শুধু ছেলাটা।'

—'তারে দিবি না?'

—'স—ব নিবে?'

—'স—ব।'

সালী ছেলে কোলে নিল। বলল, 'নাও, তোমায় দিলাম। কাঁচ ছেলা নিয়ে তুমি করবে কি?'

—'ও হতে মোর নাম থাকবে।'

সালীর চোখ নিচু হয়ে এল। বীরসা সালীর ছেলের কপালে হাত রাখল। বলল, 'তোমরা জানলে সালী আর ডোন্‌কির ছেলাকে আমি গোদ নিলাম। ওর নাম দিলাম পরিবা। তোমরা ওরে মোর বলে জানবে।'

হলুদ রাঙানো সুতো পরিবার হাতে বেঁধে দিল বীরসা। সালীর চোখ জলে ভরে এল।

—'কাঁদিস কেন?'

—'মোরে তোমার কাজ করতে দিও।'

—'তুই তো করাছিস।'

—'করাছি তো!'

সালী চোখ মুছে হেসে উঠল। বলল, 'আমি, মানি, ফুলনা, মোরা সবাই করাছি। আগে পুরুষরা হেমাছে কত! তোরা মেয়েছেলা! তোরা যেয়ে ভগবানের কাজ করবি? পুলিস তো দু-বছর পুরুষদের পিছন ঘুরাছে। আমরা, মেয়েরা কাজ করাছি। এখন আর কেউ হাসে না। চল, বাইরে চল, এসে গিয়াছে সবাই। সমরাই, রমাই, বুধু, বাড়্‌গিয়া, সকল বুড়া সর্দাররা এসাছে হে। বুধু জীয়ে আছে তাই জানতাম না।'

—'চল!'

নতুন ঘরের দাওয়ায় উঠে দাঁড়াল বীরসা। ওর নির্দেশে নাগরায় ঘা মেরে ডোনকা মুণ্ডা সকলকে থামিয়ে দিল। বীরসার পরনে ধবধবে কাপড়, মাথায় পাগড়ি, গায়ে পিরান, পায়ে খড়ম।

বীরসা বলতে লাগল, 'শুন হে মুণ্ডারা! বড় ভাল সময়ে এসেছ তোমরা। জেহেলে বসে-বসে আমি শুধু ভেবেছি কেমন করে তোমাদের কোন পথে নিয়ে যাব। এখন পথ পেয়ে গেছি। তোমাদের পথ দেখাব।'

—'দেখাও হে ধরতি-আবা!'

—'আগেই বলি, সে পথে গেলে

চিত্রমঞ্চ

"মধুচক্র, গৌড়জন যাহে "

আলোচ্য মধুচক্র অর্থাৎ 'মৌচাক' গৌড়জনকে যে মধু দান করেছে, তা খুঁজে ওঠা। আট-ন'টি রসের মধ্যেও প্রয়োজনসিদ্ধ না হওয়ায় সমগ্র ছবিটি যে রসকে আশ্রয় করেছে, তা স্থূলরস। চিত্রনাট্য-সংলাপ-গান — এমন কি ক্যামেরার যে একটিমাত্র চোখ তারও দৃষ্টি ছিল ওই একটিমাত্র দিকেই।

অথচ, কলকাতা থেকে দাদা-বৌদিকে ছেড়ে এসে অবিবাহিত সুদর্শন শীতেশ যে জুটে মিলে চাকরীতে ঢুকেছে, সেখানকার ম্যানেজার **মিঃ** চৌধুরী, লেবার অফিসার ডি. আর. ঘোষাল, ক্লার্ক চিত্তবাবু, সুপারভাইজার সুখময়বাবু, বাড়িওয়ালা **মিঃ** হড় প্রত্যেকেই ছলে-বলে শীতেশকে **জামাই করার ইচ্ছা প্রকাশ করে পরি**চালককে যথেষ্ট সুযোগ দিয়েছিলেন 'টাইপ' চরিত্র সৃষ্টির। সে সুযোগ, মোটা দাগের **হাস্যকৌতুকে মেতে, নষ্ট** করেছেন পরিচালক অরবিন্দ মুখোপাধ্যায়। **শুধুমাত্র শীতেশের** দাদা-বৌদি, অভিনয়ের গুণেই বোধহয়, ব্যতিক্রম।

সত্যি বলতে কি, **এই অভিনয়ই** ছবিটির একমাত্র আকর্ষণ। দাদা-বৌদির ভূমিকায় **উত্তমকুমার** এবং সাবিত্রী চট্টোপাধ্যায়, ক্যামেরার অকরুণ ব্যবহার সত্ত্বেও, অনবদ্য। পদে পদে অপ্রতিভ রঞ্জিত মল্লিকের নায়ক শীতেশ যথাযথ। নায়িকা মিঠু মুখার্জী পরিচালকের নির্দেশটুকু মেনে গেছেন মাত্র। অনেকগুলি বিচিত্র চরিত্রের মধ্যে একমাত্র শেখর চট্টোপাধ্যায় বিশ্বস্ত, যদিও তালিকায় ছিলেন অনুপকুমার, তরুণকুমার, রবি ঘোষ, চিন্ময় রায়, গীতা দে, রত্না ঘোষাল, সুলতা চৌধুরী, গুরুদাস বন্দ্যোপাধ্যায়, হরিধন মুখোপাধ্যায়, অজয় বন্দ্যোপাধ্যায় প্রভৃতির মতো খ্যাতিমান চরিত্রশিল্পীরা।

লঘুমুহূর্ত সৃষ্টিতে নচিকেতা ঘোষের সুর সাহায্য করেছে। সহযোগিতা করেছেন সংগীতশিল্পীরাও, কিন্তু গীতিকারদের তারল্যে তাঁদের প্রাপ্য সুনাম ধুয়ে যেতে পারে।

তবু, একটা বিশেষ শ্রেণীর দর্শকের বুকের আশা এবং মুখের ভাষার সঙ্গে কেন্দ্রীয় চরিত্রগুলির সাদৃশ্য, 'মৌচাক'-কে জনপ্রিয়তা দিতে পারে—যার কিছুটা হলে বসেই টের পাওয়া যায়।

●

॥ রাণুর প্রথম ভাগ ॥

হঠাৎ-হঠাৎ এক-একটা ছবি মুমূর্ষু বাংলা চলচ্চিত্রকে সুস্থ দেখার ইচ্ছেটাকে জাগিয়ে তোলে। 'রাণুর প্রথম ভাগ' সেই বিরল ব্যতিক্রমের একটি। রাণু নামে এক গ্রাম্য বালিকার প্রথম ভাগ ভীতি এবং অকাল-গৃহিণীপনার সঙ্গে বাস্তব সংসারের আপাত-বিরোধ কাহিনীর উপজীব্য। কাহিনী-অংশের দৈর্ঘ্য কম—চিত্রনাট্যকারকে ধন্যবাদ, বাড়তি ঘটনাসংস্থানে অকারণ ব্যয়বাহুল্যকে তিনি প্রশ্রয় দেননি। তাই বিভূতিভূষণ মুখোপাধ্যায়ের গল্পের একটি নিটোল চিত্ররূপ বাঙালী দর্শকদের দেখার সৌভাগ্য হল।

নিখুঁত বিশেষণটা অল্পের জন্যে আটকে গেল। কোনো কোনো জায়গায় পরিমিতিবোধের অভাবই এর জন্যে দায়ী। যেমন ঃ নিজের বিয়ের বাজনার সঙ্গে রাণুর সর্বসমক্ষে নৃত্য, মৃত্যুপূর্ব-মুহূর্তে দাদু-নাতনীর দৌড়-প্রতিযোগিতায় এক জীবন থেকে আর জীবনে ছুটে চলার মতো তত্ত্বজিজ্ঞাসার আরোপ প্রভৃতি। কিন্তু সামগ্রিক বিচারে এগুলো সামান্য ত্রুটিমাত্র। পরিচ্ছন্ন শিল্পমণ্ডিত ছবিটি দেখার পর বিচ্যুতিটুকু মনে না-থাকারই কথা। শিশু মনস্তত্ত্ব বিশ্লেষণে চিত্রনাট্যকার-পরিচালক নব্যেন্দু চট্টোপাধ্যায় এমন কিছু গুরুতর ভঙ্গীকে আশ্রয় করেননি। আর তাতেই স্বচ্ছ সাবলীল ভঙ্গীতে ঘটনা সমাপ্তির দিকে এগিয়ে গেছে। প্রয়োগরীতিতে অভিনবত্ব কিছু না-থাকলেও, সুমিত ব্যবহারে সেগুলি শ্রীমণ্ডিত হয়ে উঠেছে। উদাহরণ ঃ রাণুকে নিয়ে যমে-মানুষে টানাটানি চলছে বোঝাতে ঝড়ে বিপর্যস্ত প্রতীকের আশ্রয় নিয়েছেন পরিচালক। নাবালিকা রাণুর বিয়ের চিন্তায় ভয়ত্রস্তা মুরগীর পলায়নদৃশ্য ভেসে উঠেছে মেজকা'র চেতনায়। বা গ্রামোফোনবাহী সেই চরিত্রের নেপথ্য-কণ্ঠে আত্মপরিচয় দান!

সমস্ত ছবি জুড়ে আছে রাণুবেশী নীরা মালিয়া। তার অভিনয় যেন 'শ্রেষ্ঠ শিশুশিল্পী'-র স্বীকৃতিকেও ছাপিয়ে গেছে। চরিত্রের সঙ্গে সে সবসময় একাত্ম। কোনো সময়েই মনে হয়নি সে অভিনয় করছে, এই ভাবভঙ্গী, কথাবার্তা সবই অন্য এক চরিত্রের। মেজকা' অজিতেশ বন্দ্যোপাধ্যায় স্নেহে-ব্যক্তিত্বে যথাযথ। অন্যান্য ভূমিকায় অসীম চক্রবর্তী, কণিকা মজুমদার, বঙ্কিম ঘোষ, অজিতেশ বন্দ্যোপাধ্যায়, নিভাননী প্রভৃতি অর্পিত দায়িত্ব পালন করে গেছেন।

দায়িত্ব পালনে আর এক উল্লেখযোগ্য নাম এ-ছবির ক্যামেরা। কাব্যমণ্ডিত দৃষ্টি নিয়ে এ-ছবির ক্যামেরা পরিচালককে সাহায্য করেছে যথেষ্ট। আবহসংগীত স্বাভাবিক এবং সুন্দর। কিন্তু গানের নির্বাচন আরও বুদ্ধিদীপ্ত হতে পারতো। 'রাণুর প্রথম ভাগ' রসের আনুকূল্যের সঙ্গে টিকিট ঘরের আনুকূল্য লাভ করলে বুঝবো, সংখ্যাগরিষ্ঠ বাঙালী দর্শকের রুচিবিকারটা সাময়িক।

—শোভন পাঠক

শরীরটা মরবে কি বাঁচবে, তা ভাবলে চলবে না।'

'ভাবব না।'

—'তবে শুন! আজ হতে যে আমারে পুজবে সেই বীরসাইত। তোমাদের হাতে সময় নাই! এতকাল ভেবেছি মুণ্ডার শত্রু কে! কে তার দুশমন! এই জমিদার-জোতদার-মহাজন? যারা এসে আমাদের খেতে খামারে জুড়ে বসেছে শুধু তারাই দুশমন? না যারা খুটকাট্টি গ্রামগুলা জমিদারদের হাতে তুলে দিল, সেই সরকার!'

—'তুমি বল হে কে দুশমন?'

—'দুশমন সবাই! সকলের সাথে মোদের লড়াই হে! এমন লড়াই মুণ্ডা কখনো লড়ে নাই! সকল দিকুদের সঙ্গে লড়াই, লড়াই সরকারের সঙ্গে।'

—'তা বাদে—'

—'আমাদের জঙ্গল আছে। আমরা জঙ্গলে-জঙ্গলে, পাহাড়ে-পাহাড়ে সাঁধাব, ঘাঁটি করব। ওদের বন্দুক আছে, কিন্তু বন্দুক চালাবে ক-জনা? আমরা হাজারে-হাজারে আছি।'

—'তবে বল।'

—'তবে শুন। এখন দু-পথে কাজ চাই। আমার ধর্মের কাজ! আমার লড়াইয়ের কাজ। জলমাইয়ের সোমা মুণ্ডারে তোমরা জান। সর্দার সোমা! মুলকুই-লড়াইয়ের সময় হতে অনেক মার খেয়েছে, অনেক জেহেল খেটেছে। তারে আমি ধর্মের কাজে এক হাত রাখলাম। আমার ধর্মে কোন সন্ন্যাসীকে দিয়ে কাজ হবার নয় হে, যে লড়েছে, তারে চাই।'

'ভাল বলাছ হে ভগবান!'

—'লড়াইয়ের কাজে গয়া মুণ্ডা আমার আরেক হাত! গয়ার কথা আমি কি বলব বল! ওরে তোমরা জান।'

—'ভাল বলাছ হে ভগবান!'

—'আজ হতে সকল বীরসাইতের বাড়ি এ লড়াইয়ে গড় হল। সেথা বেস্পাতিতে-রবিতে সবে মিলবে, ধর্মের কথা, লড়াইয়ের কথা বলবে। যারা মিলবে সবে রাতে মিলবে।'

—'রাতে মিলব!'

—'আজ এ-গাঁয়ে, কাল পাঁচ কোশ দূরে অন্য গাঁয়ে, দিকে-দিকে আমাদের সভা হবে। এসব খবর পাবে তোমরা দুই কনুর কাছে আমার ভাই কনু মুণ্ডা, শঙ্করা গ্রামের কনু মুণ্ডা।'

—'আমরা কি করব হে?'

—'একোদল, যাদের বাড়ি জঙ্গলের খুব ভিতরে, থানা হতে অনেক দূরে, তারা হল প্রচারক। তারা প্রচারক, গুরু, যা হয় বল। তাদের বাড়িতে-বাড়িতে প্রথম দিকে রবিবারে বিষ্যুতবারে বীরসাইতরা রাতে মিলবে। যে বীরসাইতের বাড়ি, সে সকলরে শুতে ঠাঁই দিবে। যারা যাবে তারা যে যা পার নিয়া যাবে, সবাই একসঙ্গে পাক করে বেটে খাবে।'

—'এ কথা ভাল হে! নয়তো কারো সাধ্য নাই দশটারে মুখে দানা দেয়।'

—'একোদল, তোমরা! সর্দাররা! যারা বুড়া হে! তোমরাই আমারে লড়াইয়ের কথা শিখায়েছ। আমি যে ভগবান, তোমরাই আগে জেনেছ। তোমরা পুরাণক। তোমরা লড়াইয়ের কথা শিখাবে। কোথায় পালাবে, কেমনভাবে ঘাঁটি করবে, কেমন করে হাতিয়ার যোগাড় করবে, এ সকলে শিখাবার সাধ্য নাই। তোমরা আসল কাজ করবে।'

—'করব ভগবান! করব!'

—'সোমা দেখবে, ডোনকা দেখবে, কাজের লোক বেছে নিবে, বীরসাইত করবে। শেষে থাকল নতুন বীরসাইতরা। তারা নানক। নানকরা রবিতে-বেস্পতিতে পঞ্চায়েতে আসবে না। তারা বীরসাইত হবে। পুরাণকদের কাছে লড়াই জেনে নিবে।'

—'খুব বলাছ ভগবান!'

—'এখন আর ধিমা-ধিমায় কাজ হবে না। আগে মোরা একোসঙ্গে সকল কাজ করব। লড়াই শিখা, নানক জোগাড়, পঞ্চায়েত, ঘাঁটি তৈরি, রসদ জোগাড়, সকল কাজ চলবে। কিন্তু মোরা মোদের পুরানো দখল পেতে চাই। পুরানো দেবস্থান চাই। তাই! চুটিয়া আর জগন্নাথপুরের মন্দির কেড়ে নিব। মন্দির আমাদের ছিল—সে মন্দিরে আমরা ঢুকতে পারি না। দিকু রাজা, দিকু জমিদার, যেমন তাদের সামনে মোদের বড় ধুতি, পাগড়ি, জুতা পরতে দেয় না—যেমন মোদের কাঁসা পিতলে খেতে দেয় না—যেমন মোদের উঁচু আসনে বসতে দেয় না—তেমনি মোদের পিতা-পুরুষের মন্দিরেও ঢুকতে দেয় না!'

—'মন্দির কেড়ে নিব!'

—'মুণ্ডাদের আদি রাজধানী নওরতনগড়ের কেল্লা হতে জল আনব, মাটি আনব! দখল নিব।'

—'দখল নিব!'

বীরসা দু-হাত তুলল, ওদের মধ্যে নেমে এল। বলল, 'এবার আর ধিমা-ধিমা লড়াই নয়। একোসঙ্গে সকল মুণ্ডা সকল দেশ জুড়ে লড়ব। আমার এ লড়াইয়ের নাম উলগুলান! বুঝলে? উলগুলান!'

—'উলগুলান?'

—'উলগুলান!'

বীরসা নাগরাটায় দু-হাতে কাঠি নিয়ে ভীষণ জোরে ঘা দিল। শত-শত গলায় আওয়াজ উঠল, 'উলগুলান!'

[ক্রমশঃ

হত্যা-তদন্তে নতুন পদ্ধতি

অঞ্জলি ভদ্র

ফরেনসিক বিশেষজ্ঞদের অনেক রহস্যের কিনারা করতে হয়। সে সব ঘটনা ভাষায় গেঁথে সাধারণে পরিবেশন করলে বিশ্বের অনেক বিস্ময়ের সঙ্গে তাদের পরিচয় হতে পারে। শ্রীমতী অঞ্জলি ভদ্র (বসু)-কে সেই ঘটনাগুলিই একে একে দিয়েছি—ভাষাচিত্রে সেই ভাবকে তিনি পরিস্ফুট করেছেন। পরিবেশনযোগ্য করার জন্য যেটুকু ঝালমশলা দেওয়া হয়েছে, তাছাড়া মূল বিষয় ও আইনগত ব্যাপারের এক তিলও পরিবর্তন হয়নি।

শ্রীনির্মলকুমার সেন
ভূতপূর্ব ডিরেক্টর, ফরেনসিক সায়েন্স ল্যাবরেটরি

পঞ্চম শুক্লা এখনও ফেরে নি। তার নাইট ডিউটি নয়। কথা ছিল তাড়াতাড়ি ফিরে একটা ছবি দেখতে যাবে তারা দুজন—গঙ্গা আর পঞ্চম। গঙ্গা বিকেল থেকেই সেজে-গুজে বসে আছে কিন্তু বিকেল গড়িয়ে সন্ধ্যে হল, সন্ধ্যে গড়িয়ে গভীর রাত। পঞ্চমের আর দেখা নেই।

গঙ্গাদের এই সতের ঘরের বাড়ির সব ঘরই নিঃঝুম, শুধু পূব-কোণে দয়াল সিং-এর ঘরে আলো জ্বলছে। দয়ালের তেজারতি ব্যবসা। মধ্যরাত্রি পর্যন্ত সে হিসেব মেলাতে ব্যস্ত থাকে। এই সতের ঘরের অন্ততঃ একজনকে দয়াল সিং সম্ভ্রমের চোখে দেখে। সে হল পঞ্চম শুক্লা, উত্তর প্রদেশের লোক। বর্তমানে কর্মোপলক্ষে পশ্চিম বাংলার বাসিন্দা—পোর্ট কমিশনার্সে কাজ করে।

এদিকটা কলকাতার দক্ষিণ পশ্চিম প্রান্তের শহরতলী। নতুন ট্যাঁকশাল তারপর বেহালা ছাড়িয়ে অনেকটা দক্ষিণে জায়গাটা। ইতস্ততঃ বিক্ষিপ্ত একতলা, দোতলা, এমনকি দু'একখানা তিনতলা বাড়িরও দেখা পাওয়া যায় মাঝে মাঝে। আর আছে এদিকে ওদিকে জলাভূমি, পুরনো আমলের পুকুর, আসশ্যাওড়ার বন আর বন-কলমীর জঙ্গল।

রাত আরও বাড়লে গঙ্গার ভয় হল। পঞ্চমের কিছু হয়নি তো!

কিছুদূরে ওর গ্রাম সম্পর্কের মাসির ছেলে থাকে। নাম রামলোচন। সেও কাজ করে পোর্টে। বলতে গেলে চাকুরীটা পঞ্চমই করে দিয়েছিল। রাম-লোচনের গঙ্গাদের বাড়িতে যাতায়াত আছে। পঞ্চম ওকে স্নেহ করে ঠিকই, তবে বাড়িতে আসা-যাওয়াটা পছন্দ করে না। গঙ্গা অসন্তুষ্ট হয় এতে। রামলোচন গঙ্গার চেয়ে বছর তিনেকের ছোট। ছোট ভাই হিসেবে আসবে যাবে, এতে এত কিন্তু কিন্তু করার কি আছে! রামলোচন এলে গঙ্গা তাকে ঘিয়ে ভেজে চাপাটি বানিয়ে খাওয়ায়। তিনভাগ দুধে একভাগ চা মিশিয়ে স্বাস্থ্যকর চা পান করায়। রামলোচন গঙ্গার এই স্নেহের পূর্ণ সদ্ব্যবহার করে।

এই বিপদে রামলোচনের কথাই মনে হল সর্বাগ্রে। কিন্তু রামলোচনের বাড়ি দুমাইল উত্তরে। তাকে এখন কিভাবে খবর দেবে গঙ্গা—এই রাত্রে!

কিছুক্ষণ ভেবে ঘর থেকে হ্যারিকেন নিয়ে পাঁচ পরিবারের ঘর পেরিয়ে ষষ্ঠ দরজায় এসে থামল গঙ্গা। দয়াল সিংয়ের ঘর। তারপর অনুচ্চকণ্ঠে গঙ্গা ডাকল—"ভাইসাব।" এত রাত্রে গঙ্গা! পঞ্চমের না ফেরার কথা শুনে, দয়াল সিং থানায় গেল খবর দিতে। রাত যখন প্রায় শেষ, থানায় ডাইরি করে ফিরে এল দয়াল সিং।

এরপর সুরু হল পুলিসের অনু-সন্ধান। কে আসত, কে যেত, কার কার সঙ্গে পরিচিত এই শুক্লা পরিবার তার বিশদ খবরাখবর নিতে লাগল পুলিস। পঞ্চম শুক্লার বস্তির ঘরে ঘরে জেরা চলতে লাগল। ক্রমাগত জিজ্ঞাসার পর কাউকে কাউকে এমন কি দয়ালকেও থানায় নিয়ে গেল। একেবারে উত্তরে তিন নম্বর ঘরে থাকে বসন্তলাল আর তার বুড়ি মা। বসন্তলাল সম্বন্ধে এ বস্তির কারোরই ভাল ধারণা নেই। তার উপর যেদিন থেকে পঞ্চম নিখোঁজ সেদিন থেকেই বসন্ত বলতে গেলে ডেরায় ফেরেনি। পঞ্চমের নিখোঁজ হওয়ার প্রায় দিন সাতেক পর একদিন গভীর রাত্রে চুপিসারে বসন্ত তার ঘরে এলে পুলিসের হাতে গ্রেপ্তার হয়। বসন্তের উপর সন্দেহ হওয়াতে পুলিশ তাকে ধরবার জন্য বস্তির আসেপাশে ওৎ পেতে ছিল।

বসন্তের গ্রেপ্তারের পর একটা কিছু কিনারা হবে—এমনি একটা বিশ্বাস সকলের মনে জন্মাল। বসন্ত কিন্তু শুধু একটি কথাই বলল। পঞ্চমের নিখোঁজ হওয়ার দিন সে কলকাতার বাইরে গিয়েছিল। পরদিন সন্ধ্যায় বাড়ি ফেরবার পথেই সে ঘটনাটা শুনেছিল। দুর্ভাগ্যবশতঃ তার দুদিন আগে সকালে পঞ্চমের সঙ্গে তার বচসা হয়। এই পরিপ্রেক্ষিতে পুলিস স্বাভাবিকভাবেই তাকে সন্দেহ করবে, এই ভয়েতেই সে গা ঢাকা দিয়েছিল।

তারাতলা ছাড়িয়ে ব্রিজলালের পানের দোকান। পঞ্চমের পান ও খৈনির অভ্যাস ছিল পুলিস জানতে পারল, ওই দোকান থেকেই পঞ্চম পান খেত। ব্রিজলাল জানাল যে আরও একজন আসত তার সঙ্গে। তারা দুজন তার দোকানের বাঁধা খদ্দের। তবে আজ কিছুদিন হল তারা আর আসে না। পুলিস ব্রিজলালকে জেরা করে জানলো, পঞ্চমের নিখোঁজ হওয়ার দিন সেই আরেকজন খদ্দেরসহ পঞ্চম সন্ধ্যা সাড়ে ছ'টা নাগাদ শেষ পান খেয়ে গেছে।

এদিকে দয়াল সিং-এর কথায় পুলিস জানতে পারল, পঞ্চম কোনদিন ব্যক্তি-গত প্রয়োজনে তার কাছ থেকে টাকা ধার নেয়নি। পঞ্চম নিজেও সুদে টাকা ধার দিত। তার নিখোঁজ হওয়ার একদিন আগে পঞ্চম দয়ালের কাছ থেকে দুশ টাকা ধার নেয় রামলোচনের প্রয়োজন আছে বলে।

দয়ালের এই জবানবন্দীর পরই কলকাতা পুলিসের ডিটেকটিভ্ ব্রাঞ্চ তৎপর হয়ে ওঠে। এর আগে রাম-লোচনকে জেরা করে কিছুই উদ্ধার করা যায়নি। তাকে সন্দেহভাজন ব্যক্তিদের দলে ফেললেও প্রমাণাভাবে পুলিস ছেড়ে দিতে বাধ্য হয়। এইবার পুলিস রামলোচনের পিছু নিল।

রামলোচনকে প্রায়ই ত্রস্ত পায়ে ঠিক সন্ধ্যার পর তারাতলা রোড ছাড়িয়ে একটা জলাজমির কাছে ঘোরাফেরা করতে দেখা যেত। জায়গাটা ব্রিজ-লালের দোকানের পৌনে একমাইলের মধ্যে। সন্দেহ হওয়ায় পুলিস রাম-লোচনকে গ্রেপ্তার করে। পরে রাম-লোচনের স্বীকারোক্তি অনুসারে তারা-তলার ওই জনবিরল জলাভূমি থেকে পুলিস উদ্ধার করে একটি গলিত নর-কঙ্কাল। শেয়াল-কুকুরে মাংসের গন্ধ পেয়ে সেই জলাভূমি খুঁড়ে খুঁড়ে একটি গলিত মৃতদেহ বার করে। পুলিসের অনুসন্ধানের খবর আশে-পাশে সবাই জানত। স্থানীয় লোক-জনও থানায় খবর দেয়। সেই গলিত দেহ সনাক্তকরণের বাইরে—তবুও পুলিশের অনুমান সেটা পঞ্চমেরই দেহ। এই অনুমানের কারণ, প্রথমতঃ, রামলোচনের স্বীকারোক্তি, এবং দ্বিতীয়ত, শেষ দিন পঞ্চম যে জামা

জুতো ব্যবহার করেছিল (এমনকি মিশির কৌটাটি পর্যন্ত) নরকংকালের সংগে সেগুলিও পাওয়া যায়।

কিন্তু এই কংকাল যে বাস্তবিকই পঞ্চম শুক্লার তার প্রমাণ কোথায়? প্রমাণের জন্য পুলিস ফরেনসিক বিশেষজ্ঞের শরণাপন্ন হল। নির্ভুল প্রমাণের জন্য ফরেনসিক বিশেষজ্ঞ সুপারইমপোজিশন কৌশল গ্রহণ করলেন। ফোটোগ্রাফিতে সুপারইম্পোজ করা এক আশ্চর্য পদ্ধতি যার দ্বারা বিচার্য কোন মামলায় জড়িত নরদেহের মাথার খুলি ও জীবদ্দশার ছবির তুলনামূলক এক অদ্ভুত সংযোগ সাধনের দ্বারা সনাক্তকরণ সম্ভব। এডিনবরা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ব্র্যাশ প্রথম এই উপায় উদ্ভাবন করেন ১৯৩৫ সালে। সামান্য কিছু প্রয়োজনীয় পরিবর্তনের পর ১৯৪৩ সালে ইংলন্ডের ডবকিন কেসের মীমাংসা, শ্রীলংকার প্লামবাগো পিটকেস (১৯৪৭), কানাডার লেব্রীস মার্ডার কেস (১৯৫৫) এই পদ্ধতির দ্বারাই মীমাংসিত হয়। ভারতে ১৯৬০-এ এই প্রথম এই পদ্ধতির প্রয়োগ হল।

পঞ্চমের একটি পাসপোর্ট সাইজ ফটো তার বাড়ি থেকে পুলিস জোগাড় করে। এই ছবি থেকে একখানি নেগেটিভ নেওয়া হয়। প্রাপ্ত নেগেটিভটি ক্যামেরার গ্রাউন্ড গ্লাসের নিচে স্থাপন করে চোয়ালের দুই পাশ, মুখাবয়বের বিশেষত্ব, নাকের পাশের হাড়, নাকের দু'পাশে দুই কোটর অতি সতর্কতার সংগে তীক্ষ্ম পেন্সিলের সাহায্যে গ্রাউন্ড গ্লাসের উপর চিহ্নিত করা হয়।

এর পর মৃতের খুলিটি একটি বিশেষভাবে তৈরি স্ট্যান্ডে স্থাপন করা হল যাতে করে লম্বভাবে ও সমান্তরালভাবে এটিকে ইচ্ছেমত ঘোরানো যায়। এখন জীবদ্দশার ছবির নেগেটিভের মুখাবয়বের বিশেষত্বের সংগেও গ্রাউন্ড গ্লাসের স্কেচের সংগে স্ট্যান্ডে রাখা খুলি সূক্ষ্মভাবে মিলিয়ে দেখতে লাগলেন ফরেনসিক বিশেষজ্ঞ। এই 'দেখা' শ্রমসাধ্য ও বিশেষশিক্ষা সাপেক্ষ, কারণ এই পর্যবেক্ষণের উপরই সমস্ত ঘটনাটার সত্যাসত্য নির্ভর করছে। খুলিটিকে এদিকে ওদিকে প্রয়োজনমত ঘুরিয়ে-ফিরিয়ে মুখাবয়বের আদলটি বিশেষজ্ঞ চিহ্নিত করতে লাগলেন—গ্রাউন্ড গ্লাসে পূর্বচিহ্নিত বৈশিষ্ট্যগুলি পুঙ্খানুপুঙ্খরূপে মিলিয়ে মিলিয়ে।

দুটি নেগেটিভ—একটি জীবদ্দশায় তোলা অপরটি মৃতের খুলির। দুটিই বড় করা হল এবং ব্রোমাইড পেপারে প্রতিফলিত করা হল। ফলে খুলির ছবি 'সুপারইমপোজড্' হল জীবদ্দশার ছবির উপর। খুলি ও জীবদ্দশায় ছবির দুটি নেগেটিভই কোয়ার্টার প্লেটে নেয়া হয়েছিল। সুতরাং এক্ষেত্রে কোন অসামঞ্জস্যের প্রশ্নই থাকতে পারে না।

এর পর স্কাইয়াগ্র্যাফি পদ্ধতির দ্বারা খুলি ও দেহের কংকালের আলাদা আলাদাভাবে বয়স ও উচ্চতা নির্ধারণ করা হল। এই পদ্ধতি অবলম্বনে বয়স দেখা গেল ৩৫ আর উচ্চতা ৬৬ ইঞ্চি। পঞ্চমের জীবদ্দশার বর্ণনার সংগে হুবহু মিলে গেল এ দুটি।

মামলা চলাকালে পাবলিক প্রসিকিউটরের জেরায় যা জানা গেল তা হল এই—রামলোচন আহির প্রায়ই পঞ্চমের কাছ থেকে টাকা ধার নিত সুদসমেত। কিছুকাল হল সুদ দেয়া সে বন্ধ করে দেয়। আসল ও সুদে মিলে একটা মোটা টাকার অংক জমে যায়। পঞ্চমের তাগাদা সত্বেও রামলোচনের টাকা শোধ দেবার কোন ইচ্ছেই দেখা যায় না। অবশেষে মরীয়া হয়ে পঞ্চম চরমপত্র অর্থাৎ শোধ দেবার চরম দিন ঘোষণা করে বসল।

কলকাতা পোর্টে অনেক মূল্যবান বিদেশী জিনিসের বে-আইনী ভাবে আমদানী হয়ে থাকে পুলিসের চোখে ধুলো দিয়ে। রামলোচনের সহকর্মীরা অনেকেই এ সব জিনিস অল্পমূল্যে কিনে চড়া দামে গাংগেয় সমতলভূমির লোকেদের কাছে বিক্রি করে থাকে। এমনি দামী টেরিলিন শাড়ি আসবার কথা রামলোচন পঞ্চমকে জানিয়ে বলে যে পঞ্চম যদি আরও দুশ টাকা তাকে দেয় তবে টেরিলিন কিনে সেটা চড়া দামে বিক্রি করে পঞ্চমের বর্তমানের দু'শো ও আগেকার আসল ও সুদ সব শোধ করে দেবে। তার কথা বিশ্বাস করে পঞ্চম পকেটে দু'শ টাকা নিয়ে আসে। কাজের পর রামলোচন পঞ্চমকে বলে, বিক্রেতা বেহালার দিকের একটা ঠিকানা দিয়েছে—সন্ধ্যার পর সেখানে যেতে হবে। এসপ্ল্যানেডে ৭৭ নম্বর বাস স্ট্যান্ডের কাছে গাছতলার দোকানে পুরী ও আলুর দম খেয়ে তারা বেহালার উদ্দেশে রওনা হয়। সন্ধ্যা নাগাদ তারাতলায় নেমে ব্রিজলালের দোকানে পান খেয়ে কল্পিত টেরিলিন বিক্রেতার কাছে রামলোচন পঞ্চমকে নিয়ে যায় এবং জনবিরল বিলের ধারে সন্ধ্যার অন্ধকারে ছুরি দিয়ে তাকে হত্যা করে। সেই ছুরিটিও ওই জলাভূমি থেকে উদ্ধার করা হয়। বিচারে রামলোচনের যাবজ্জীবন কারাদণ্ডের আদেশ হয়।

রামলোচনের পক্ষ থেকে সুপ্রীম কোর্টে আপীল করা হয়। এ-ও বলা হয় যে সুপারইমপোজিশনের কোন পূর্ব নজির ইন্ডিয়ান এভিডেন্স অ্যাক্টে নেই।

সুপ্রীম কোর্ট আপীল খারিজ করেন। কারণ, সুপারইমপোজড্ ফটোগ্রাফ কোন মিথ্যা বা চাতুরীর যাদুখেলা নয়। এখানে সত্যের বিকৃতির কোন রকম সুযোগ নেই। পঞ্চম শুক্লার হত্যা মামলার পর ইন্ডিয়ান এভিডেন্স অ্যাক্টে সুপারইমপোজড্ পদ্ধতি নজীর হিসেবে স্বীকৃত হয়।

স্মৃতি বিস্মৃতি—গোপাল ভৌমিক

সুখের মুহূর্ত থাকে
শোক অতলান্ত সীমাহীন
ভুলে থাকা এক কথা
ডুবে গেলে মিছে রাত্রিদিন।
অথচ আশ্চর্য এই
যাকে প্রতিদিন আমি দুচোখে হারাই
সে-ও যদি চলে যায়
ভারসাম্য হারালেও দু' দণ্ডের বেশি কি দাঁড়াই?
সে আর আসে না ফিরে
ঝড়ের দাপট কিন্তু ঠিক কেটে যায়
মেঘে ঢাকা আকাশের
কালো রঙ মুছে গিয়ে আলো ফোটে সহস্র ধারায়।
জানি সে ফেরার নয়
কতটুকু রাখি তার তবু স্মৃতিপটে?
চিহ্নিত বিশেষ দিনে
সাজিয়ে আলেখ্য তার চোখ মুছি বটে।
এর বেশি কিছু নয়
প্রকৃতি স্বয়ং দেখি বিরূপতা করে;
ভয়াবহ শূন্যতায়
স্মৃতি অবলুপ্ত হয় জীবনের নব কলস্বরে।

প্রযোজক (হিন্দুস্থানী শাস্ত্রীয় সংগীত) শূন্য পদের জন্য বিজ্ঞাপন

আকাশবাণী কলকাতা কেন্দ্রের অধিকর্তা আকাশবাণী কলকাতা কেন্দ্রে প্রযোজকের (স্টাফ আর্টিস্ট) শূন্য পদের জন্য আবেদনপত্র আহ্বান করছেন।

(১) প্রার্থীকে মোটামুটিভাবে যা করতে হবে তা হল, অন্যান্য অফিসারদের সংগে আলোচনা করে হিন্দুস্থানী শাস্ত্রীয় সংগীতের জন্য পরিকল্পনা রচনা করা; একটি বা একাধিক ইউনিটের স্টাফ সদস্যদের কার্যাবলীর সমন্বয় সাধন করে এই ধরনের সার্থক অনুষ্ঠানের ব্যবস্থা করা; এই ধরনের অনুষ্ঠানের জন্য মহড়া, রেকর্ডিং ইত্যাদির ব্যবস্থা করা এবং প্রয়োজন অনুসারে তাতে অংশগ্রহণ করা; চিঠিপত্রাদির আদানপ্রদানে তত্ত্বাবধান করা এবং প্রযোজককে নিজের রেজিস্টার, ক্যাটলগ ইত্যাদির সংরক্ষণ করা; প্রয়োজন অনুযায়ী স্ক্রিপ্ট এবং বিশেষ ঘোষণা ইত্যাদি লেখা; কেন্দ্রের কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনা করবার কাজে কেন্দ্র-অধিকর্তাকে সাহায্য করা এবং সময়ে সময়ে নির্দিষ্ট করে দেওয়া কার্যাবলী সম্পাদন করা।

(২) **যোগ্যতাবলী :** (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় অথবা শিক্ষায়তন থেকে সংগীতে ডিগ্রী অথবা ডিপ্লোমা অথবা ঐকতান রেকর্ড সহযোগে সংগীত পরিবেশনে বিশেষ দক্ষতা। (খ) সংগীতের তত্ত্ব এবং গুণাবলী সম্পর্কে যথেষ্ট জ্ঞান। (গ) উত্তম শিক্ষাগত যোগ্যতা।

(৩) **বাঞ্ছনীয় :** সাউন্ড রেডিওর কলাকৌশল সম্পর্কে অভিজ্ঞতা অথবা ট্রেনিং।

(৪) **বয়স :** ১.৭.৭৫ তারিখে ২৫ থেকে ৪০ বৎসরের মধ্যে।

(৫) **বেতন :** বেতনহার ৩৫০—২৫—৫০০—৩০—৫৯০—ই. বি. ৩০—৮০০, তৎসহ স্টাফ আর্টিস্টদের সময়ে সময়ে প্রদেয় অন্যান্য ভাতা।

(৬) প্রার্থীদিগকে নিজ ব্যয়ে আকাশবাণী কলকাতা কেন্দ্রে সাক্ষাৎকারের জন্য উপস্থিত হতে হবে।

(৭) সরকারী চাকুরীরত প্রার্থিগণ নিয়মানুগ পদ্ধতিতে আবেদনপত্র প্রেরণ করবেন।

(৮) মনোনীত প্রার্থীকে আকাশবাণীর যে-কোন কেন্দ্রে বদলী করা হতে পারে।

(৯) মনোনীত প্রার্থীকে প্রয়োজনীয় ব্যবস্থাদি সম্পূর্ণ হওয়া সাপেক্ষে প্রথমে নবীকরণযোগ্য এক মাসের চুক্তিতে নিয়োগ করা হবে। পরে দুই বৎসরের শিক্ষানবিশীকালসহ তিন বৎসরের জন্য নির্ধারিত বেতন হারে স্টাফ আর্টিস্ট হিসেবে তাঁরা নিযুক্ত হবেন। সফলতার সংগে শিক্ষানবিশীকাল সমাপ্ত হলে ৫৮ বৎসর বয়স পর্যন্ত দীর্ঘমেয়াদী চুক্তির জন্য তাঁরা বিবেচিত হবেন।

(১০) প্রার্থীরা সাদা কাগজে সম্পূর্ণ নাম, ঠিকানা, জন্মের তারিখ, প্রার্থিত পদ, শিক্ষাগত এবং ব্যবসায়ীক জ্ঞান অভিজ্ঞতা, বর্তমান চাকুরীর বিবরণ ইত্যাদি সমর্থিত প্রমাণপত্রসহ (শুধুমাত্র প্রত্যায়িত কপি পাঠালেই যথেষ্ট) পূর্বে আকাশবাণীতে আবেদন করা চাকুরীর বিবরণসহ (যদি থাকে), আকাশবাণী বা টেলিভিশন কেন্দ্রে চাকুরীরত কোন আত্মীয় থাকলে তাঁর বিবরণসহ স্টেশন ডিরেক্টর, অল ইন্ডিয়া রেডিও, আকাশবাণী ভবন, ইডেন গার্ডেন্স, কলকাতা-৭০০০০১ এই ঠিকানায় ১৫ মার্চ, ১৯৭৫ তারিখে বা তার পূর্বে পৌঁছানোর জন্য আবেদনপত্র পাঠাতে হবে।

(১১) নির্দিষ্ট দিনের পরে প্রাপ্ত কোন আবেদনপত্র কোনক্রমেই বিবেচিত হবে না। সাক্ষাৎকার অথবা পরীক্ষার ক্ষেত্রে অধিকতর যোগ্যতা এবং অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার দেওয়া হবে।

সম্পাদক সমীপেষু

(মতামতের জন্য সম্পাদক দায়ী নন)

মহাশয়,

আমরা 'বেতার জগৎ' পত্রিকার আগ্রহী পাঠিকা। এই পত্রিকা এখন সর্বদিক থেকে সুন্দর হয়ে উঠেছে। একটি সংখ্যা পাওয়া মাত্র আর একটি সংখ্যা কখন পাব এই আশায় দিন গুণতে থাকি। কিন্তু দুঃখের বিষয় প্রত্যেকবার ঠিক সময়মত 'বেতার জগৎ' আসে না। ভাগ্যিস্ হরিনারায়ণ চট্টোপাধ্যায়ের ধারাবাহিক উপন্যাস 'অরণ্যে একা' শেষ হয়েছে তা না হলে কি অবস্থা হত বলুন তো! বাঁকুড়া বলেই কি 'বেতার জগৎ' পাঠানোর ব্যাপারে আপনাদের এই অবহেলা!

আশা করি, এই পত্রিকা যাতে ঠিক সময়মত পাই আপনি তার ব্যবস্থা করবেন। নমস্কারান্তে

বাসবী নন্দী
ও
রবীন্দ্রসরণী, বাঁকুড়া **সুস্মিতা বসু**

●

সর্বপ্রথমে সম্প্রতি সমাপ্ত 'অরণ্যে একা' উপন্যাসটির জন্যে লেখক হরিনারায়ণ চট্টোপাধ্যায়কে অসংখ্য ধন্যবাদ জানাই।

কিছুদিন যাবৎ লক্ষ্য করছি, 'বেতার জগৎ'-এর 'সম্পাদক সমীপেষু' কলমটি বেশ জমে উঠেছে। কেউ কেউ এই পাক্ষিক পত্রিকাটির প্রশংসায় পঞ্চমুখ, কেউবা বিরূপ সমালোচনায় মুখর, আর এই বিরূপ মনোভাবের কারণ কি তা-ও কতকগুলি পত্র হ'তে জানতে পেরেছি। কিন্তু আমি নিরপেক্ষভাবে বলব, যাঁরা এই বিরূপ মনোভাব পোষণ করে পত্র লেখেন তাঁদের বক্তব্য কিছু কিছু অবশ্যই স্বীকার্য এবং কিছু একেবারেই অসংগত। আজকের এই বিরাট অর্থনৈতিক দুরবস্থার কবলে পড়ে অনেক পত্র-পত্রিকা বন্ধ হতে চলেছে; আর যে কটিও বা টিকে আছে তাদেরও অবস্থা অকূলসমুদ্রে একটুকরো খড়কুটোর মত। এহেন পরিস্থিতিতে 'বেতার জগৎ' কিন্তু তাঁদের ট্রাডিশন সগর্বে এবং সসম্মানে বজায় রেখে চলেছেন। উপরন্তু 'বেতার জগৎ' দিন দিন এমন সুসজ্জিত কলেবরে আত্মপ্রকাশ করছে, যা বিস্ময়ে তাকিয়ে থাকার মত।

সবশেষে একটি অনুরোধ রাখছি। 'বেতার জগৎ'-এ যেসব নাম করা লেখকদের লেখা পরিবেশিত হয়, তার সাথে উক্ত লেখকদের ছবি দিলে ভাল হয়, কারণ আমার মত অনেক পাঠকেরই তাঁদের দেখবার সুযোগ ঘটেনি। আর সেই সুযোগ বোধহয় একমাত্র 'বেতার জগৎ'-ই করে দিতে পারে।

২৪ পরগণা **সুব্রতকুমার করণ**

●

১৬-৩১ ডিসেম্বর, ১৯৭৪ সংখ্যায় প্রকাশিত ঊষাপ্রসন্ন মুখোপাধ্যায়ের 'অভিধানের কথা' নিবন্ধটি তথ্যপূর্ণ হয়েছে; কিন্তু কিছু অপূর্ণতা আছে মনে হলো।

রাজা অসুরবনিপালের কালের অভিধানটি তাঁর মতে বৈদিক সাহিত্যের পূর্ববর্তী। তিনি লিখেছেন যে, রেডিও কার্বন পরীক্ষায় ওটির সময় ৬০০ খৃষ্টপূর্বাব্দ; আর তাঁর প্রদত্ত দুটি তারিখ জানাচ্ছে যে, বৈদিক সাহিত্য আরও আগে রচিত হয়েছে। তাহলে নিনেভে নগরীর অভিধানটি বৈদিক সাহিত্যের পূর্ববর্তী হয় কী করে?

জ্ঞানেন্দ্রমোহন দাসের অভিধান এতই মূল্যবান যে, তার উল্লেখ শুধু 'বাঙলা ভাষাতত্ত্বের ভূমিকা'য় নয়, ঐ অভিধানের কাছে ঋণ সুনীতিকুমার চট্টোপাধ্যায় তাঁর তিন খণ্ডে প্রকাশিত সুখ্যাত 'অরিজিন এ্যান্ড ডেভেলপমেন্ট অব দি বেংগলি ল্যাংগুয়েজ' গ্রন্থের ভূমিকায়ও স্বীকার করেছেন।

লেখক 'অক্সফোর্ড' ইংলিশ ডিক্সনারি'র ১৯৩৩ সালের সাপ্লিমেন্টের উল্লেখ করেছেন, কিন্তু ঐ পরিপূরক গ্রন্থের বদলে ব্যবহার্য নূতন তিন খণ্ডের পরিপূরক সাপ্লিমেন্টের প্রথম খণ্ড (এ থেকে জি অক্ষর পর্যন্ত) বার্চফিল্ডের সম্পাদনায় ১৯৭২ সালে যে প্রকাশিত হয়েছে, তার উল্লেখ পর্যন্ত করেন নি।

রাজপুর, ২৪ পরগণা **দীপক ভট্টাচার্য**

●

বেতার জগতের সম্পূর্ণ নতুন রূপ দেখে মুগ্ধ হয়েছি। সেজন্য সর্বাগ্রেই কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জানাই। আজ আর বলতে কোনো দ্বিধা নেই যে, বর্তমানে 'বেতার জগৎ' সমস্ত প্রথমশ্রেণীর সাহিত্য পত্রিকাগুলির মধ্যে অন্যতম।

শারদীয়া 'বেতার জগৎ'-এ শ্রীআশুতোষ মুখোপাধ্যায়ের 'সোনার কাঠি রূপোর কাঠি' প'ড়ে খুশী হয়েছি। এজন্য তাঁকেও আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

কলকাতা-২৬ **নন্দিতা ঘোষ**

সরগম

পরিচালনা ঃ সীমা দাস

হাসিখুসির আসর

মুখের ভাষা, সুর ও ছন্দ, রঙ ও রেখা—এই তিনটিই শিশুমন বিকাশের বাহন। হাসিখুসির আসরে এই তিনেরই চর্চা—খেলা আর আনন্দ, হাসি আর খুসির মধ্য দিয়ে। আপনার ছেলে-মেয়েদেরও আসরের সভ্য করে দিন। ওরা হেসেখেলে বড় হবার পাঠ নেবে।

সরগম-এর
সপ্তম বার্ষিক উৎসব
২২শে ও ২৩শে মার্চ
মহাজাতি সদন
নাচ গান বাজনা আবৃত্তি অভিনয়
আর সেই সঙ্গে
হাসিখুসি আসরের সভ্যদের আঁকা এক চোখজুড়নো ছবির মেলা

খেয়াল ॥ অমিয়রঞ্জন বন্দ্যোপাধ্যায়। উচ্চাঙ্গ, নজরুল ॥ ধীরেন্দ্রচন্দ্র মিত্র। পুরাতনী, টপ্পা, কীর্তন ॥ রামকুমার চট্টোপাধ্যায়। লোকগীতি ॥ দিনেন্দ্র চৌধুরী। রবীন্দ্রসঙ্গীত ॥ সুবিনয় রায়, মায়া সেন, অরবিন্দ বিশ্বাস, সুনীল চক্রবর্তী, সুবাস মিত্র। নজরুল, আধুনিক ॥ সুকুমার মিত্র, অশোক রায় ॥ গীটার ॥ অভিজিৎ নাথ, অঞ্জলি দে, প্রণব বন্দ্যো। তবলা ॥ বালক নন্দী, প্রণব মুখো, নৃত্য ॥ মণিশংকর ॥ অংকন ॥ শুভাপ্রসন্ন ॥ অভিনয় ও আবৃত্তি ॥ শ্যামল ঘোষ ॥

৭, কৈলাস বসু স্ট্রীট। কলি-৬ ফোন ৩৫-৬২১১॥ প্রত্যহ বিকেল ৫টা থেকে রাত ৮টা। রবিবার অতিরিক্ত সকাল ৯টা থেকে ১২টা।

আপনার স্বাভাবিক সৌন্দর্য, সহজাত লাবণ্য বিকশিত করে তোলে

ফেমিলা স্নো

প্রসাধনের সমস্যায় একমাত্র সমাধান
বোরোলীন হাউসের তৈরি এই প্রসাধনী। বৈচিত্র্যময় ঋতুর সংগে প্রতিযোগিতায় আপনার মুখশ্রীকে ঝলমলে করে তুলবে।

জি.ডি. ফার্মাসিউটিক্যালস প্রাইভেট লিমিটেড
বোরোলীন হাউস কলিকাতা-৭০০০০৩

•

আমি নভেম্বর মাসের বেতার জগৎ সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাই। প্রথম পর্বে "সেকালের এক আশ্চর্য পণ্ডিত" একটি সুন্দর নিবন্ধ, এর মারফত আমাদের অজানা কথার একটা দুয়ার খুলে দিল; তার জন্য ধন্যবাদ। "বিস্মৃত একটি নাম"ও সুন্দর, কারণ বহুকাল আমরা বিজন বোসের কণ্ঠ শুনে এসেছিলাম—তবে তাকে কি অন্যভাবে আপনারা প্রোগ্রাম অন্তর্ভুক্ত করতে পারেন না, যেমন বীরেন ভদ্র মহাশয়কে করে থাকেন? নভেম্বর দ্বিতীয় পর্যায়ে "বিশ বাঁও জলে" সুপাঠ্য কথিকা। "কৃষ্ণ মেনন" "সৌমেন্দ্র ঠাকুর" এক কথায় অনবদ্য। জরাসন্ধের "বাংলা সাহিত্যের বর্তমান ও ভবিষ্যৎ" এক সত্য ও হতাশার কথাই ব্যক্ত করেছে। চিন্তাশীল মনীষী ও দেশনায়ক কি এ বিষয়ে চিন্তা ও নজর দেবার সময় পাবেন? আর সংবাদপত্র সম্বন্ধে তাঁর মন্তব্য বাস্তব ও সত্য। সংবাদপত্র সংবাদের বাহন না হয়ে এখন বিজ্ঞাপনের বাহন ও ব্যবসায়ী প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। সুন্দর ভাষণের জন্য জরাসন্ধকে ধন্যবাদ।

দক্ষিণেশ্বর, কলকাতা

সুনীলকুমার বন্দ্যোপাধ্যায়

•

এবারের বিশেষ 'ইডেন সংখ্যা' বেতার জগতটির জন্য আপনাকে অসংখ্য অসংখ্য ধন্যবাদ। এবারের শুভ নববর্ষে ভারতীয় ক্রিকেটারদের কাছ থেকে উপহারস্বরূপ পেলাম জয়ের গৌরব। কিন্তু আপনাদের কাছ থেকেও যে এত আকর্ষণীয় উপহার পাওয়া যাবে তা ধারণা করতে পারিনি। তাই পত্রিকাটা হাতে আসা মাত্রই আনন্দে উচ্ছ্বসিত হয়েছিলাম। আমার ধারণা, প্রত্যেক ক্রিকেটানুরাগীর কাছে এ সংখ্যা বয়ে আনবে বিশেষ আনন্দ। সুন্দর এর ছবিগুলি। প্রবন্ধগুলিও মনোহারিত্বের দাবী রাখে। ভারত ও ওয়েস্ট ইন্ডিজের তৃতীয় টেস্ট নিয়ে যখন আশা-নিরাশার দ্বন্দ্বে চারিদিকে একটা জমাট জল্পনা-কল্পনা চলছে তখনই বিশেষ ইডেন সংখ্যা বেতার জগতটির আবির্ভাব আমাদের অনেক অজানা তথ্য সরবরাহ করেছে। বেতার জগৎ দিনদিন নব কলেবরে সজ্জিত হয়ে আরও আকর্ষণীয় হয়ে উঠছে এবং কোন বিশেষ সময়ে বিশেষ কিছুর পরিবেশনায় পাঠকবর্গকে বিস্মিত ও আনন্দিত করছে। শুধু-মাত্র আকাশবাণীর অনুষ্ঠানসূচী না হয়ে এটা যে একটা সর্বগুণমণ্ডিত পত্রিকারূপে আত্মপ্রকাশ করেছে এজন্য আপনারা পাঠকমহলের ধন্যবাদার্হ। এই দুর্মূল্যের বাজারে পত্রিকাটির দাম না বাড়িয়ে আপনারা যে সাহসের পরিচয় দিয়েছেন তার উপযুক্ত মূল্য আপনারা নিশ্চয়ই পাবেন।

রীতা মণ্ডল

গিরিডি, বিহার

•

আমি 'বেতার জগৎ'-এর গ্রাহক না হলেও নিয়মিত পাঠক। বর্তমানে 'বেতার জগৎ' সর্বাংগিক সুন্দর হওয়াতে আরও জনপ্রিয় হয়ে উঠেছে। ৩৫ পয়সার বিনিময়ে এত সুন্দর পত্রিকা পাওয়া দুর্লভ। গল্প, কবিতা, উপন্যাস ছাড়াও সিনেমা পর্যালোচনা, জেলায় জেলায়, খেলাধূলা এবং নিত্য-দিনের অনুষ্ঠান পরিচিতি অন্য আর কোন পত্রিকায় পাওয়া যায় না। সেই-জন্য এ পত্রিকা সকল পত্রিকার চেয়ে উচ্চ প্রশংসার দাবী রাখে। ১-১৫ জানুয়ারী '৭৫ সংখ্যা যে বিশেষ 'ইডেন সংখ্যা' প্রকাশিত হয়েছে, তা দেখে ও পড়ে সত্যিই অত্যন্ত খুশী হলাম। এজন্য আকাশবাণী 'বেতার জগৎ' কর্তৃপক্ষকে ধন্যবাদ জানাই।

মুর্শিদাবাদ **নিতাইচন্দ্র স্বর্ণকার**

•

বেতার জগৎ-এর একজন নিয়মিত পাঠক হিসাবে আন্তরিক অভিনন্দন জানাই আপনাদের বেতার জগৎ-এর প্রচ্ছদ সমেত পত্রিকাটির শ্রীবৃদ্ধির জন্য।

এখন যদি বেতার জগৎ-এর মূল্য-বৃদ্ধি করেন, তবে আমি আশা করি যে, বেতার জগৎ-এর গ্রাহক-গ্রাহিকা ও পাঠক-পাঠিকাবর্গের এর জন্য কোন ক্ষোভ থাকবে না—আমার তো নেই-ই। 'ইডেন সংখ্যা' বেতার জগৎ-এর জন্য আরও ধন্যবাদ।

শ্যামনগর

২৪ পরগণা **পিন্টু নিয়োগী**



কেন্দ্র অধিকর্তা, আকাশবাণী আগরতলা, আকাশবাণীর মিউজিক কম্পোজার/যন্ত্রশিল্পী (স্টাফ আর্টিস্ট) পদের জন্য দরখাস্ত আহ্বান করছেন।

১। শিফ্‌টিং ডিউটির কথা মনে রেখে প্রার্থীকে যন্ত্রশিল্পী/সহযোগী যন্ত্রশিল্পী হিসেবে কাজ করতে হবে। এছাড়া বিশেষ সংগীতানুষ্ঠানের রিহার্সাল এবং রেকর্ডিং, যন্ত্রাদির রক্ষণাবেক্ষণ, সংগীত শিক্ষায় অংশ-গ্রহণ ও সহযোগিতা এবং ন্যস্ত অন্যান্য দায়িত্ব পালন করতে হবে।

২। **যোগ্যতা, বয়স ও ফি-স্কেল সংক্রান্ত তথ্যাবলী ঃ**
(ক) আকাশবাণী কর্তৃক স্বীকৃত এবং গ্রেড্-প্রাপ্ত সংগীতশিল্পী। (খ) সংগীতে নিয়মানুবর্তী শিক্ষা। (গ) অন্যান্য যন্ত্রশিল্পীদের মিলিয়ে দলগত অনুষ্ঠান পরিবেশনের যোগ্যতা। (ঘ) একক অনুষ্ঠান বা সহযোগী যন্ত্রশিল্পী হিসেবে অনুষ্ঠান পরিবেশনের যোগ্যতা। (ঙ) আঞ্চলিক ভাষা বা হিন্দী লেখা এবং পড়ার যোগ্যতা।

৩। **বয়স ঃ** ২৮ ফেব্রুয়ারী '৭৫ তারিখের পূর্বে ৪৫ বৎসরের নীচে বাঞ্ছনীয়। **বিঃ দ্রঃ** তপশিলী উপজাতি এবং অন্যান্য বিশেষ শ্রেণীর ক্ষেত্রে, সময়ান্তরে প্রাপ্ত সরকারী নির্দেশানুযায়ী এই বয়ঃসীমা শিথিলযোগ্য। শিথিল-যোগ্য আকাশবাণীর কর্মী এবং সরকারী কর্মচারীদের ক্ষেত্রেও চাকরীর দৈর্ঘ্য বিচার করে সর্বোচ্চ পাঁচ বছর পর্যন্ত।

৪। **ফি ঃ** (ক) 'বি'-গ্রেড্ শিল্পীর ক্ষেত্রে ২১০—১০—২৯০—১৫—৪৭০ টাকা, তদুপরি স্টাফ আর্টিস্টদের ক্ষেত্রে সময়ান্তরে প্রদেয় অন্যান্য ভাতাসমূহ। (খ) 'বি' (হাই)-গ্রেড্ শিল্পীর ক্ষেত্রে ৩২৫—১৫—৪৭৫—২০—৫৭৫ টাকা, তদুপরি স্টাফ আর্টিস্টদের ক্ষেত্রে সময়ান্তরে প্রদেয় অন্যান্য ভাতাসমূহ। (গ) 'এ'-গ্রেড্ শিল্পীর ক্ষেত্রে ৩৫০—২৫—৫০০—৩০—৮০০ টাকা, তদুপরি স্টাফ আর্টিস্টদের ক্ষেত্রে সময়ান্তরে প্রদেয় অন্যান্য ভাতাসমূহ। (ঘ) মিউজিক কম্পোজার ঃ ২১০—১০—২৯০—১৫—৪৭০ টাকা।

৫। প্রার্থীকে উপরোক্ত শর্তানুসারী পরীক্ষায় বসতে হবে এবং প্রাথমিক-ভাবে মনোনীত হলে সাক্ষাৎকারে উপস্থিত হতে হবে।

৬। পরীক্ষা এবং সাক্ষাৎকারের জন্য প্রার্থীকে কোনরকম টি-এ বা ডি-এ দেওয়া সম্ভব হবে না।

৭। নির্বাচিত প্রার্থীকে প্রথমে তিন মাসের চুক্তিতে এবং পরে তাঁর কাজ এবং ব্যবহারাদি সন্তোষজনক হলে ৫৮ বৎসর বয়স পর্যন্ত স্টাফ আর্টিস্ট হিসেবে নিয়োগ করা যেতে পারে।

৮। সরকারী চাকুরীরত প্রার্থীকে নিয়মানুগ পদ্ধতিতে আবেদনপত্র প্রেরণ করতে হবে এবং সরকারী-চাকুরীরত প্রার্থী মনোনীত হলে চাকুরীতে যোগ দেবার পূর্বে আগের চাকুরীতে ইস্তফা দিতে হবে।

৯। স্টেশন ডিরেক্টর, অল ইন্ডিয়া রেডিও, আগরতলা—এই ঠিকানায় শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ইত্যাদি বিবরণের উল্লেখসহ আবেদনপত্র পৌঁছতে হবে ২৮ ফেব্রুয়ারী, ১৯৭৫ তারিখের মধ্যে। উক্ত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদনপত্রই কোনক্রমে বিবেচিত হবে না।

১০। পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য উচ্চযোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

যন্ত্রশিল্পী পদের সংখ্যা ঃ তানপুরা, তবলা/খোল, বাঁশী, সেতার, দোতারা, এসরাজ প্রত্যেকটির একটি করে।

অখিল ভারতীয় কার্যক্রম

সরোদ ঃ বুদ্ধদেব দাশগুপ্ত
২২ ফেব্রুয়ারী, ১৯৭৫

ব্যক্তিগত জীবনে ইঞ্জিনীয়ার হলেও সরোদবাদনে বুদ্ধদেব দাশগুপ্তের খ্যাতি সর্বজনবিদিত। রামপুর ঘরানাখ্যাত রাধিকামোহন মৈত্রের কাছে তাঁর শিক্ষা। দক্ষতা আলাপ, জোড় ও ঝালায় সমপরিমাণ। শ্রীদাশগুপ্তের সরোদ-বাদন সম্প্রচারিত হবে ২২ ফেব্রুয়ারী, শনিবার, রাত ৯-৩০ মিনিটে অখিল ভারতীয় কার্যক্রমে।

বুদ্ধদেব দাশগুপ্ত

টেলিভিশন প্রোডিউসার (কন্ট্রাক্ট স্টাফ)-পদের জন্য ডিরেক্টর টেলিভিশন সেন্টার, আকাশবাণী, নয়া দিল্লী কর্তৃক দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

কাজের বিবরণ ঃ প্রার্থীর কাজ হবে অনুষ্ঠান এবং স্ক্রিপ্টের পরিকল্পনা এবং প্রস্তুতি এবং ফিল্ম ও স্টুডিও উভয়ের জন্য অনুষ্ঠান উপস্থাপন; প্রত্যেক অনুষ্ঠানের জন্য বাজেট, মঞ্চসজ্জা এবং ক্যামেরার জন্য প্লট তৈরী-করা। দৃশ্যপট নির্মাণে ব্যবহৃত সুষ্ঠু প্রণালীসমূহের রূপায়ণের দক্ষতা, নিজ-ইউনিটের তত্ত্বাবধান এবং অনুষ্ঠানের জন্য ইলেকট্রনিক এবং সাজ-সরঞ্জামের সম্ভাবনা এবং সীমা সম্পর্কে ভাল জ্ঞান।

যোগ্যতাবলী (আবশ্যিক) ঃ (১) হিউম্যানিটি/সায়েন্স/এডুকেশন/এগ্রিকালচারে অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রী; অথবা পুণা, ফিল্ম অ্যান্ড টি. ভি. ইনস্টিটুট/ন্যাশনাল স্কুল অব ড্রামা থেকে ডিপ্লোমা। রেডিও/টি. ভি. কার্যক্রম প্রযোজনা বা উপস্থাপনা সম্পর্কে উত্তম অভিজ্ঞতা; অথবা অনুমোদিত কোন প্রতিষ্ঠান থেকে পরিচালনায় ডিপ্লোমা বা সংগীত ও নৃত্যের বিভিন্ন রূপ সম্পর্কে দক্ষতা; সাংবাদিকতায় দুই বৎসরের অভিজ্ঞতা; অথবা এগ্রিকালচারাল এক্সটেনশনে দুই বৎসরের ফিল্ড অভিজ্ঞতা; অথবা গ্রামীণ/বিদ্যালয়ের শ্রোতা-দর্শকবৃন্দের জন্য অভিজ্ঞ ভিজুয়্যাল মেটি-রিয়্যাল প্রযোজনায় দুই বৎসরের অভিজ্ঞতা; অথবা দুই বৎসরের শিক্ষাদানের অভিজ্ঞতা। (২) সাম্প্রতিক ঘটনাবলী সম্পর্কে উত্তম জ্ঞান ও সচেতনতা। (৩) ইংরেজী এবং হিন্দীতে দক্ষতা। অন্যান্য বিষয় সমরূপ হলে স্নাতকোত্তর যোগ্যতাসম্পন্ন প্রার্থিগণকে এবং দুই অথবা ততোধিক ভারতীয় ভাষায় দক্ষতাসম্পন্ন ব্যক্তিবৃন্দকে অগ্রাধিকার প্রদান করা হবে।

বয়স ঃ ১.৭.৭৫ তারিখে ৪০ বৎসরের কম (কেন্দ্রীয় ও রাজ্য সরকারের কম্যুনিকেশন্ মিডিয়া ইউনিটের কর্মীদের ক্ষেত্রে প্রযোজ্য নয়)

ফি স্কেল ঃ ৫০০—২৫—৬৫০—ই বি—৩০—৮০০ টাকা। তদুপরি কন্ট্রাক্ট স্টাফদের ক্ষেত্রে সময়ান্তরে প্রদেয় অন্যান্য ভাতাসমূহ। প্রার্থীদের সাক্ষাৎকারের জন্য নয়া দিল্লীতে নিজ খরচে উপস্থিত হতে হবে। নির্বাচিত প্রার্থীকে যে কোন টি. ভি. কেন্দ্রে বদলি করা যেতে পারবে।

সরকারী কর্মরত প্রার্থিগণ নিয়মানুগ পদ্ধতিতে আবেদনপত্র প্রেরণ করবেন। এবং সরকারী কর্মরত প্রার্থিগণ যদি প্রার্থিত পদে নির্বাচিত হন তবে তাঁকে পূর্বেকার পদে ইস্তফা দিতে হবে।

মনোনীত প্রার্থিগণ প্রয়োজনীয় বিধিনিয়মাবলী সম্পূর্ণকরণ সাপেক্ষে প্রথমে নবীকরণযোগ্য ছয় মাসের চুক্তিতে নিযুক্ত হবেন। তারপর নির্ধারিত বেতনহারে দুই বৎসরের শিক্ষানবিশীকালসহ তিন বৎসরের চুক্তিতে স্টাফ আর্টিস্ট হিসেবে নিযুক্ত হবেন। সফলতার সঙ্গে শিক্ষানবিশীকাল সমাপ্ত হলে ৫৫ বৎসর বয়স পর্যন্ত দীর্ঘমেয়াদী চুক্তির জন্য তাঁরা বিবেচিত হবেন।

সাদা কাগজে পুরা নাম, ঠিকানা, বয়স, জন্মদিনসহ প্রার্থিত পদ, শিক্ষাগত এবং পেশাগত যোগ্যতা, অভিজ্ঞতা, বর্তমান চাকুরী, ইত্যাদির প্রয়োজনীয় সার্টিফিকেট সহ (শুধুমাত্র প্রত্যায়িত নকল) এবং আকাশবাণী টি. ভি. অথবা তথ্য ও বেতার মন্ত্রণালয়ের অধীন অন্য কোন অফিসে কর্মরত কোন আত্মীয় থাকলে এবং আকাশবাণীতে পূর্বে কোন পদের জন্য আবেদন করা থাকলে তার বিবরণসহ ডিরেক্টর, টেলিভিশন সেন্টার, অল ইন্ডিয়া রেডিও, পার্লিয়ামেন্ট স্ট্রীট, নিউ দিল্লী এই ঠিকানায় এমনভাবে পাঠাতে হবে যেন সেটি **২৮ ফেব্রুয়ারী, ১৯৭৫** তারিখে বা তার পূর্বে উক্ত ঠিকানায় পৌঁছায়।

নির্দিষ্ট দিনের পরে প্রাপ্ত কোন আবেদনপত্র কোনক্রমেই গ্রহণ করা হবে না। পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য আহ্বান করা হলে উচ্চযোগ্যতা এবং অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।







গীটার : উপরে : বামে : দেবাশিস ধর, ডাইনে : **প্রবোধ চক্রবর্তী**, মাঝে : বামে : **মনোজ বন্দ্যোপাধ্যায়**, নীচে : বামে : **দীপঙ্কর রায়**, ডাইনে : **সুভাষকুমার প্রামাণিক**, আকাশবাণী কলকাতা।

বেহালা : এস. পি. জয়সওয়াল : আকাশবাণী পাটনা।

Printed by Subodh Kumar Mitra Rai at Sree Saraswaty Press Limited, 32 Acharya Prafulla Chandra Road, Cal.-700009
and published by All India Radio, Eden Gardens, Cal.-700001.

Sub-Editor: R. R. Poddar

Editor: Subhas Basu

Regd. No. WB/CC—154
LICENCE No. WB/CC/CL—8
Copyright Reserved by All India Radio.

BETAR JAGAT

Fortnightly Bengali Journal of AIR
7 February. 1975 18 Magh, 1896 Saka

মূল্য ঃ প্রতি কপি ৩৫ পয়সা
বার্ষিক সডাক ১০·০০ টাকা

উপরে ঃ বামে ঃ ললিতা ধরচৌধুরী ঃ আকাশবাণী কলকাতার আধুনিক গানের শিল্পী।

ডাইনে ঃ জ্যোৎস্না বন্দ্যোপাধ্যায় ঃ পরিবেশন করেন রবীন্দ্রসংগীত আকাশবাণী কলকাতা থেকে।

মাঝে ঃ বামে ঃ অরুন্ধতী চৌধুরী ঃ খেয়াল, 'যুববাণী'।

ডাইনে ঃ ঝর্ণা দত্তরায় ঃ শিল্পীর কণ্ঠে শোনা যায় রবীন্দ্রসংগীত আকাশবাণী কলকাতা থেকে।

নীচে ঃ ভারতী সাহা ঃ 'যুববাণী'-র রবীন্দ্রসংগীতশিল্পী।